পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনা				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	পরিবেশ ও বন মন্ত্রণালয়	৫	২	৩		১	৫	৬৬.৬৭% ২১%	১	১৫.৬৫%

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০৫টি।

০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: প্রকল্পসমূহের মেয়াদকাল বৃদ্ধির প্রধান প্রধান কারণ হচ্ছে যথাযথ সম্ভাব্যতা ব্যতীত প্রকল্প প্রণয়ন ও ক্রয় কার্য প্রক্রিয়াকরণে সময়ক্ষেপন। তাছাড়া ভৌত সামগ্রীর মূল্য বৃদ্ধি, এর ফলে প্রকল্প সংশোধন, সঠিক পরিকল্পনার অভাব, দুর্বল প্রকল্প ব্যবস্থপনা, অর্থ ছাড়ে বিলম্বনা ইত্যাদি কারণে সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি হয়।

০৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রেপ্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
০১।	টিপিপিতে নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্পের যাবতীয় কাজ সম্পাদন করা যায়নি , অতিরিক্ত পাঁচ মাস মেয়াদ বৃদ্ধির করতে হয়েছে। এর মূল কারণ হল উন্নয়ন সহযোগী জেফ্ এর নিকট থেকে প্রত্যাশিত অর্থ প্রাপ্তিতে বিলম্ব।	০১।	প্রকল্পের মাধ্যমে প্রণীত আপডেটিং এন্ড মেইনস্ট্রিমিং অভ্ ন্যাশনাল বায়োডাইভারসিটিস্ট্র্যাটেজি এন্ড অ্যাকশন পস্ন্যান ফর বাংলাদেশ (এনবিস্যাপ) সংক্রান্ত প্রতিবেদনে বর্ণিত সুপারিশসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; দ্রুতগতির অর্থায়ন ব্যতিরেকে এনবিস্যাপের ২০ টি টার্গেটে আশাব্যন্জক সাফল্য অর্জন সম্ভব না। তাই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বাস্তবায়নকে অগ্রাধিকার বিবেচনায় রেখে এনবিস্যাপ (২০১৬-২০২১) যাতে যথার্থ বাস্তবায়িত হয় সে লক্ষ্যে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে; এনবিস্যাপ বাস্তবায়নকে উন্নয়ন প্রক্রিয়ার মূলধারায় আনয়নের (মেইনস্ট্রিমিং) লক্ষ্যে যে সকল পলিসি গ্রহণের কথা উল্লেখ করা হয়েছে তার যথাযথ বাস্তবায়নে সামগ্রিক উদ্যোগ গ্রহণ করতে হবে।
০২।	এটি স্বল্প ব্যয়ের একটি টিএ প্রকল্প হলেও উন্নয়ন সহযোগী GEF এর নিকট থেকে প্রত্যাশিত অনুদান পেতে বিলম্ব হয়। প্রকল্পের মূল মেয়াদ ছিল জুলাই ২০১৩ হতে জুন ২০১৫ পর্যন্ত। এপ্রিল ২০১৩-তে বিশ্ব ব্যাংক এর সংগে ইআরডি'র ঋণচুক্তি স্বাক্ষরিত হলেও GEF এর নিকট থেকে অর্থ পাওয়া যায়	০২।	প্রকল্পটির অর্জিত ফলাফল টেকসই করতে পরিবেশ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি পাওয়ায় UNCCD-তে রিপোর্ট প্রদান অনেকটাই সহজ হয়েছে। এক্ষেত্রে মানসম্মত রিপোর্ট প্রদানের বিষয়টি পরিবেশ ও বন মন্ত্রণালয়কে নিশ্চিত করতে হবে;

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
	এপ্রিল ২০১৪ তে। ফলে সময়মত প্রকল্পের কার্যক্রমসমূহ শুরু করা যায়নি। অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করার লক্ষ্যে প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধি করা হয়।		প্রকল্পের আওতায় যে সমস্ত ডকুমেন্ট প্রস্তুত করা হয়েছে সেগুলোর মান বজায় রাখাসহ অর্জিত ফলাফল টেকসই সমুন্নত রাখতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথ ভুমিকা রাখতে হবে; প্রকল্পটির অর্জিত ফলাফল টেকসই করতে পরিবেশ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি পাওয়ায় UNCCD-তে রিপোর্ট প্রদান অনেকটাই সহজ হয়েছে। এক্ষেত্রে মানসম্মত রিপোর্ট প্রদানের বিষয়টি পরিবেশ ও বন মন্ত্রণালয়কে নিশ্চিত করতে হবে।
০৩।	প্রকল্পটি জানুয়ারি ২০১১ হতে জুন ২০১৫ পর্যন্ত মেয়াদে অনুমোদিত হয়। পরবর্তীতে ১ বছর সময় বৃদ্ধি করে জুন ২০১৬ এ সমাপ্ত ঘোষনা করা হয়। প্রকল্প সমাপ্তি প্রতিবেদনের (পিসিআর) একটি জায়গায় প্রকল্প প্রস্তাব (পিপি) অনুমোদনের তারিখ ৩০/০৩/২০১৫ উল্লেখ করা হয়েছে, ফলে বাস্তবায়নকাল শুরুর সময়টি অসামঞ্জস্যপূর্ণ মর্মে পরিলক্ষিত হয়। এছাড়া পিসিআর প্রাপ্তিতে বিলম্ব হওয়ায় মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করা হলে মেয়াদ বৃদ্ধি বিষয়ে মন্ত্রণালয় অবগত নয় মর্মে মৌখিকভাবে অবহিত করে।ফলে প্রকল্পটির মেয়াদ সংক্রান্ত যে জটিলতা উদ্ভূত হয়েছে তা অনভিপ্রেত। এছাড়া শুধু ২০১৫-২০১৬ অর্থবছরের সংশোধিত এডিপিতে বরাদ্দ ও ব্যয় দেখানো হয়েছে এবং সংস্থান ও অর্থ ব্যয়ের তথ্যে জিওবি ও প্রকল্প সাহায্যের প্রতিফলিত তথ্যে গরমিল রয়েছে, সংশোধন সংক্রান্ত বিষয়টি স্পষ্ট নয়। পরিপত্র অনুসরণ না করা ও তথ্য প্রাপ্তিতে অসহযোগিতা: প্রকল্প সমাপ্তির প্রায় আড়াই বছর পর পিসিআর প্রেরণ করা হয় এবং সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি প্রদানে অসহযোগিতা করায় প্রকৃত অর্জন নিরুপণ করা সম্ভব হয়নি।	০৩।	পিসিআর -এ উল্লেখিত প্রকল্পের অনুমোদিত ব্যয়, সংশোধিত এডিপি বরাদ্দ, বছর ভিত্তিক অর্থ অবমুক্তি ও প্রকৃত ব্যয় এবং অংগভিত্তিক বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য গত বিভ্রাট গ্রহণযোগ্য নয়; পিসিআর এ বর্ণিত বিভ্রান্তিমূলক তথ্যাদি সংশোধনপূর্বক পরিমার্জিত পিসিআর এর প্রতি পৃষ্ঠায় স্বাক্ষরপূর্বক এ বিভাগে পুনঃ প্রেরণ করা সমীচীন; সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি প্রদানে অসহযোগিতা করায় প্রকৃত অর্জন নিরুপণ করা সম্ভব হয়নি। সংশ্লিষ্ট মন্ত্রণালয় পিসিআর প্রণয়নের সাথে সম্পৃক্তদের বিষয়ে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে; ভবিষ্যতে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন প্রণয়নকালে অধিকতর সতর্ক হওয়া প্রয়োজন।
০৪।	প্রাকৃতিক সৌন্দর্যের অপরুপ লীলাভূমি বাংলাদেশের জীব-বৈচিত্রের সমৃদ্ধ এবং ইকোট্যুরিজমের জন্য অপার সম্ভাবনাময় ৩৫টি স্থানে বর্তমান প্রকল্পের আওতায় নানাবিধ উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে; যা একটি যুগান্তকারী পদক্ষেপ হিসাবে বিবেচনা করা যেতে পারে। প্রকল্পের পিসিআর এবং আইএমইডি 'র কর্মকর্তা কর্তৃক প্রকল্প এলাকা সরেজমিনে পর্যবেক্ষণ থেকে প্রতিভাত হয়েছে যে, এলাকা সমুহের প্রাকৃতিক পরিবেশের ও জীব বৈচিত্রের উল্লেখ্যযোগ্য উন্নতি হয়েছে এবং পর্যটনের নতুন নতুন সুযোগ সৃষ্টি /দ্বার উম্মোচিত হয়েছে। তবে প্রল্পের আওতায় স্থাপিত বিভিন্ন স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা এবং বনায়ন সংরক্ষণের	০৪।	বাংলাদেশের প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষা, জীব-বৈচিত্র সংরক্ষণ এবং পর্যটন সুবিধা বিকাশের লক্ষ্যে প্রকল্পের আওতায় স্থাপিত বিভিন্ন ইকোপার্ক এবং স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণ ও সুষ্ঠ ব্যবস্থাপনার একটি স্থায়ী ওয়ে-আউট পরিকল্পনা করা প্রয়োজন; দেশের পরিবেশের ভারসাম্য রক্ষা, জীববৈচিত্রের সংরক্ষণ ও উন্নয়ন এবং পর্যটন সুবিধা বিকাশের লক্ষ্যে বাংলাদেশের অন্যান্য অঞ্চলেও বেসরকারী খাতে কিংবা পিপিপি -এর আওতায়ও অনুরুপ ইকোপার্ক স্থাপনের উদ্যোগ নেয়া যেতে পারে;

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
	জন্য স্থায়ী কোন ওয়েআউট পরিকল্পনা বিবেচ্য প্রকল্পে রাখা হয়নি। স্থায়ী ব্যবস্থাপনা না থাকলে প্রকল্প থেকে দীর্ঘমেয়াদী সুফল লাভের সম্ভবনা কম। প্রকল্পের পাঁচ বছর মেয়াদে বন অধিদপ্তরের একজন বন সংরক্ষক তিনজন উপপ্রধান বন সংরক্ষক নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। ঘন ঘন প্রকল্প পরিচালকের পরিবর্তন এবং পূর্ণকালীন না হয়ে অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করায় প্রকল্পের নিরবছিন্ন বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলা যেতে পারে পর্যবেক্ষণকৃত ৮-টি ইকোপার্কে নির্মিত পিকনিক স্পট, ইকোকটেজসহ অন্যান্য স্থাপনাগুলিতে বিদ্যুৎ সংযোগ এবং আসবাবপত্র দ্বারা সজ্জিত না থাকার ফলে স্থাপনা সমূহ অব্যবহৃত রয়েছে। ফলে, একদিকে সরকার যেমন রাজস্ব হারাচ্ছে তেমনি জনগণ স্থাপনা সমূহ ব্যবহারের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।		প্রশাসনিক মন্ত্রণালয় প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ভবিষ্যতে নির্ধারিত সময় ও অনুমোদিত ব্যয়ে প্রকল্পের সকল অংগের বাস্তবায়ন সমাপ্তির জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।
০৫।	প্রকল্প বাস্তবায়নে তেমন কোন সমস্যা উদ্ভুত হয়নি।	০৫।	সাতক্ষীরা জেলার শ্যামনগরে ৫ নং পোল্ডারে বিভিন্ন স্থানে টার্ফিং যথাযথভাবে করা হয়নি। পোল্ডার রক্ষার্থে পানি উন্নয়ন বোর্ডের সাথে সমন্বয়পূর্বক স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে টার্ফিং করা প্রয়োজন; টিপিপি'র ৬টি অংগে উন্নয়ন সহযোগী অংশে বরাদ্দের অতিরিক্ত খর চ করা হয়েছে। উন্নয়ন সহযোগী কর্তৃক সরাসরি অর্থ খরচ করা হলেও প্রকল্প পরিচালক এর দায় এড়াতে পারেন না। ভবিষ্যতে টিপিপি 'র সংস্থানের মধ্যে অর্থ খরচের বিষয়ে উন্নয়ন সহযোগী এবং প্রকল্প পরিচালক সচেষ্ট থাকবেন এবং সতর্কতা অবলম্বন করবেন; প্রকল্পেরআওতায়বিকল্পজীবিকার অন্বেষণেহ্যাচারীতে কাঁকড়ারপোনাউৎপাদনপদ্ধতিআবিষ্কারকরাহয়েছে। এ পদ্ধতিতেকাঁকড়ারপোনাউৎপাদনপূর্বক্তা বাণিজ্যিকভাবেচাষ করে স্থানীয়জনগণসুন্দরবনেরউপর নির্ভরশীলতাকমাবে।এ লক্ষ্যনিয়েহ্যাচারীস্থাপনকরা হলেওলক্ষ্যটিপূরণহয়নি।তাই স্থাপিতহ্যাচারীর ক্ষমতা পুন:ব্যবহারকরারবিষয়েমন্ত্রণালয় /বন অধিদপ্তরকার্যকর উদ্দ্যোগকরবে।

বাংলাদেশ জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজম উন্নয়ন
-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

ক. প্রকল্পের মৌলিক তথ্যঃ

১। **প্রকল্পের নাম** : বাংলাদেশের জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজম উন্নয়ন

২। **প্রশাসনিক মন্ত্রণালয়** : পরিবেশ ও বন মন্ত্রণালয়

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : বন অধিদপ্তর

৪। **প্রকল্পের অবস্থান** : প্রকল্পটি সমগ্র বাংলাদেশ জুড়ে বিস্তৃত হলেও বন বিভাগের আওতাধীন ইকোট্যুরিজমের জন্য সম্ভাবনাময় ৩৫টি এলাকার উন্নয়নের প্রতি প্রকল্পে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। এগুলি হচ্ছেঃ কাদিগড় জাতীয় উদ্যান, নবাবগঞ্জ জাতীয় উদ্যান, টেংরাগিরি বন্যপ্রাণী অভয়ারণ্য, বঙ্গবন্ধু যমুনা সেতু ইকোপার্ক, বর্ষিজোড়া ইকোপার্ক, মাধবকু- ইকোপার্ক, মধুটিলা ইকোপার্ক, টিলাগড় ইকোপার্ক, ভাওয়াল জাতীয় উদ্যান, মধুপুর জাতীয় উদ্যান, রাজঘাট সংরক্ষিত বন, হাতিবান্ধা প্রাকৃতিক বন, মিঠাপুকুর প্রাকৃতিক বন, সীতাকু- উদ্ভিদ উদ্যান, বাঁশতৈল ইকোপার্ক, হাঁটুভাঙা সংরক্ষিত বন, শালটিলা **সংরক্ষিত** বন, আদমপুর **সংরক্ষিত** বন, করমজল বন্যপ্রাণী প্রজননকেন্দ্র, বাঁশখালী ইকোপার্ক, খাদিমনগর জাতীয় উদ্যান, কেশবপুর হনুমান **সংরক্ষণ** এলাকা, চরমগুরিয়া হনুমান **সংরক্ষণ** এলাকা, কলাগাছিয়া **সংরক্ষিত** বন, বন পুকুর বন্যপ্রাণী অভয়ারণ্য, দুধপুকুরিয়া বন্যপ্রাণী অভয়ারণ্য, সিংড়া জাতীয় উদ্যান, বীরগঞ্জ জাতীয় উদ্যান এবং রেমা কালেংগা বন্যপ্রাণী অভয়ারণ্য। জাতীয় উদ্ভিদ উদ্যান ও বলধা উদ্যানের উন্নয়নের জন্যও এই প্রকল্পে বেশ কিছু উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

০৫। **প্রকল্পের উদ্দেশ্য:**

মিশ্র বনায়ন সৃষ্টি এবং বনায়নের মাধ্যমে বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়ন;
বিদ্যমান জাতীয় উদ্যান, বন্যপ্রাণী অভয়ারণ্য, ইকোপার্ক, উদ্ভিদ উদ্যান, সাফারী পার্ক ইত্যাদিসহ **সংরক্ষিত** বন, বিশেষ **সংরক্ষিত** এলাকা ও সম্ভাবনাময় ইকোট্যুরিজম কেন্দ্র সমুহে ইকোট্যুরিজম ও বিনোদন সুবিধাদির উন্নয়ন;
সংকটাপন্ন ও ঝুঁকুপূর্ণ উদ্ভিদ এবং বন্যপ্রাণীর In situ, Ex-situ **সংরক্ষনে** সহায়তা প্রদান;
বন্যপ্রানীর অবৈধ পাচার, শিকার ও ব্যবসা বন্ধ করা;
বন্যপ্রাণীর আবাসস্থল পুনরম্নদ্ধার ও উন্নয়ন;
জীববৈচিত্র্য **সংরক্ষণ** ও ইকোট্যুরিজম উন্নয়নের জন্য দৰ জনবল তৈরী করণ; এবং
মানুষের দ্বন্দ্ব নিরসন।

০৬। **প্রকল্পের অর্থায়ন:** প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত।

০৭। **প্রকল্পের ব্যয় ও মেয়াদকাল: প্রকল্পের ব্যয় ও মেয়াদকালসংক্রান্ত তথ্যাদি টেবিল ১ এ দেখানো হল**

টেবিল ১ঃ প্রকল্পের ব্যয় ও মেয়াদকালসংক্রান্ত তথ্য

অনুমোদিত ব্যয় (লক্ষ টাকা)			প্রকৃত ব্যয় (জিওবি)	অতিক্রান্ত ব্যয়/অব্যয়িত (মূল অনুমোদিত ব্যয়ের %)	অনুমোদিত বাস্তবায়নকাল			প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত সম (মূল বাস্তবায়ন কালের %)
মূল অনুমোদিত ব্যয় (জিওবি)	১ম সংশোধিত ব্যয় (জিওবি)	২য় সংশোধিত ব্যয় (জিওবি)			মূল অনুমোদিত মেয়াদ	১ম সংশোধিত	২য় সংশোধিত		
১	**২**	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৪৮০৪.৭৫	৪৯৭৮.৮২৮	৫৭৬১.৪০	৫৫৫৭.৪৮৫ (৯৬.৪৬%)	+৭৫২ .৭৪ (১৫.৬৫%)	জুলাই ২০১১ হতে জুন ২০১৪	জুলাই ২০১১ হতে জুন ২০১৫	জুলাই ২০১১ হতে জুন ২০১৬	জুলাই ২০১১ হতে জুন ২০১৬	২ বছর (৬৬.৬৭%)

প্রকল্পের মূল অনুমোদিত ব্যয় ছিল ৪৮০৪.৭৫ লক্ষ টাকা এবং প্রকল্পের মেয়াদ ছিল জুলাই ২০১১ হতে জুন ২০১৪ পর্যন্ত। সর্বশেষ সংশোধন মোতাবেক প্রকল্পের ব্যয় বৃদ্ধি পায় ৫৭৬১.৪০ লক্ষ টাকায় এবং মেয়াদ নির্ধারিত হয় জুলাই ২০১১ হতে জুন ২০১৬ পর্যন্ত। অর্থাৎ প্রকল্প ব্যয় ও মেয়াদ বৃদ্ধি পায় যথাক্রমে ২০.০০% ও ৬৬.৬৭%। কিন্তু অনুমোদিত প্রকল্প ব্যয়ের ৩.৫৪%. কিন্তু প্রকৃত ব্যয় হয় ৫৫৫৭.৪৯ লক্ষ টাকা অর্থাৎ অনুমোদিত সংশোধিত ব্যয়ের ৩.৫৪% (২০৩.৯২ লক্ষ টাকা) অব্যয়িত থাকে।

০৮। **প্রকল্প গ্রহণের পটভূমিঃ**

বাংলাদেশ আয়তনে একটি ছোট দেশ হলেও নাতিশীতোষ্ণ এবং উষ্ণমণ্ডলীয় ভৌগলিক অবস্থানের কারণে এই দেশের জীববৈচিত্র্য অত্যন্ত সমৃদ্ধ। জনসংখ্যা বৃদ্ধি, প্রাকৃতিক সম্পদের অতিরিক্ত ব্যবহার, বৃক্ষ নিধন, বন্যপ্রাণীর আবাস স্থল ধ্বংস, পরিবেশ দুষণ (বায়ু, পানি এবং মাটি দুষণ), বন্যপ্রাণী অবৈধ শিকার এবং পাচারের কারণে এই সমৃদ্ধ জীববৈচিত্র্য ক্রমেই ধ্বংস হয়ে যাচ্ছে। পরিবেশের বাস্তুতান্ত্রিক ভারসাম্য (Ecological Balance) নষ্ট হয়ে যাওয়ার কারণে বেশীর ভাগ উদ্ভিদ এবং প্রাণী প্রজাতি বর্তমানে হুমকীর সম্মুখীন। জীববৈচিত্র্য রক্ষার জন্য বন্যপ্রাণীর আবাসস্থল রক্ষা করা অত্যন্ত জরুরী। বন্যপ্রাণীর আবাসস্থল হিসাবে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে প্রাকৃতিক বন। অন্যদিকে বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণে ইকোট্যুরিজম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নগরায়ন ও শিল্পায়নের কারণে ইকোট্যুরিজম সাধারণ মানুষের মধ্যে জনপ্রিয়তা পাচ্ছে। বনাঞ্চল, ইকোপার্ক, উদ্ভিদ উদ্যান, সাফারী পার্ক, জাতীয় উদ্যান এবং বন্যপ্রাণী অভয়ারণ্য দেশে ইকোট্যুরিজম উন্নয়নে গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে দেশে জীববৈচিত্র্য **সংরক্ষণ** এবং ইকোট্যুরিজমের উন্নয়নের জন্য **বাংলাদেশের জীববৈচিত্র্য** সংরক্ষণ **এবং ইকোট্যুরিজম উন্নয়ন** প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

০৯। প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ

মূল প্রকল্পটি মোট ৪৮০৪.৭৫ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৮/১০/২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ০৬/০৫/২০১৪ তারিখ মোট ৪৯৭৮.৮২৮২ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০১১ থেকে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য ১ম সংশোধিত হিসেবে প্রকল্পটি অনুমোদিত হয় এবং ৫৭৬১.৪০ লক্ষ টাকা ব্যয়ে ০৯/০৬/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২য় সংশোধন হিসেবে জুলাই ,২০১১ হইতে জুন ,২০১৬ মেয়াদ বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

খ. প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত তথ্যঃ

১০। সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ

টেবিল ২ঃ প্রকল্পের এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সক্রান্ত তথ্য

(লক্ষ টাকা)

আর্থিক বছর	সংশোধিত এডিপি বরাদ্দ		**অবমুক্ত**	**প্রকৃত** ব্যয়	
	টাকা	বরাদ্দের %	টাকা	টাকা	%
২০১১-২০১২	৯৮.০০	১.৭০%	৯৮.০০	৭২.৭৬	১.১২%
২০১২-২০১৩	৬০৫.৪০	১০.৫১%	৬০৫.৪০	৫৯১.৮৮	৯.৯৯%
২০১৩-২০১৪	১৩২৯.০০	২৩.০৭%	১৩২৯.০০	১২৬৪.১৩	২১.৭০%
২০১৪-২০১৫	২৬৮৯.০০	৪৬.৬৭%	২৬৮৯.০০	২৬৪২.৯৯	৪৮.৩৪%
২০১৫-২০১৬	১০৪০.০০	১৮.০৫%	১০৪০.০০	৯৮৫.৭৩	১৫.২০%
সর্বমোট	**৫৭৬১.৪০**	**১০০.০০**	**৫৭৬১.৪০**	**৫৫৫৭.৪৯**	**৯৬.৩৬%**

প্রকল্পের মূল অনুমোদিত সংশোধিত ব্যয় ছিল ৫৭৬১.৪০ লক্ষ টাকা। তন্মধ্যে প্রকৃত ব্যয় হয়েছে ৫৫৫৭.৪৯ লক্ষ টাকা; যা অনুমোদিত প্রকল্প ব্যয়ের ৯৬.৩৬% । অর্থাৎ অনুমোদিত প্রকল্প ব্যয়ের ৩.৫৪% (২০৩.৯১৫) লক্ষ টাকা অব্যয়িত থাকে। প্রকল্প পরিচালক জানান যে , প্রকল্পের কোন কোন অঙ্গের প্রাক্কলিত মূল্যের তুলনায় চুক্তি মূল্য অপেক্ষাকৃত কম হওয়ায় প্রকল্পের ২০৩.৯১৫ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে; যা পরবর্তীতে সরকারের রাজস্ব খাতে জমা দেয়া হয়েছে।

১১। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

পরিবেশ ও বন মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (PCR) এবং মাঠ পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি পরিশিষ্ট কতে সংযুক্ত করা হলো।

১২। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:

প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পের কোন অংগের বাস্তবায়ন অসমাপ্ত নেই।

১৩। প্রকল্প পরিচালকের তথ্য:

টেবিল ৩ঃ প্রকল্প পরিচালক সক্রান্ত তথ্য

প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ	মেয়াদ কাল
১। ড: তপন কুমার দে, বন সংরক্ষণ	খন্ডকালীন	নভেম্বর ২০১১ হইতে ২৫/০১/২০১২ পর্যন্ত
২। জনাব রতন কুমার মজুমদার, উপ-প্রধান বন সংরক্ষণ	খন্ডকালীন	২৬/০১/২০১২ হইতে ২৬/০২/২০১৫ পর্যন্ত
৩। জনাব মোহাম্মদ শামসুল আলম উপ-প্রধান বন সংরক্ষণ	খন্ডকালীন	২৬/০২/২০১৫ হইতে ২৬/০৫/২০১৬ পর্যন্ত
৪। জনাব মোঃ জায়েদ হোসেন ভূইয়া, উপ-প্রধান বন সংরক্ষণ	খন্ডকালীন	২৬/০৫/২০১৬ হইতে ৩০/০৬/২০১৬ পর্যন্ত

গ. প্রকল্পের পরিদর্শন সংক্রান্ত তথ্যঃ

১৪। সাধারণ পর্যবেক্ষণ:

সম্পূর্ণ জিওবি অর্থায়নে **বাংলাদেশের জীববৈচিত্র্য** সংরক্ষণ **ও ইকোট্যুরিজম উন্নয়ন** প্রকল্পের মাধ্যমে সমগ্র বাংলাদেশের ইকোট্যুরিজমের জন্য সম্ভাবনাময় বন বিভাগের আওতাধীন ৩৫টি স্থানে পশু খাদ্য, বিলুপ্ত ও বিপন্ন প্রায় এবং শোভাবর্ধনকারী গাছের বাগান সৃজনসহ বিভিন্ন পূর্ত কাজ যেমনঃ রাস্তা, ইকোকটেজ, পিকনিক স্পট, পর্যবেক্ষণ টাওয়ার, রেঞ্জ অফিস, ব্যারাক, দর্শনার্থী ছাউনি/ছাতা, বসার আরসিসি বেঞ্চ ইত্যাদি নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

আলোচ্য প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে ৩৫ টি প্রকল্প এলাকার মধ্যে আইএমই বিভাগের পরিচালক মোসাঃ তাজকেরা খাতুন ৮ অক্টোবর, ২০১৬ তারিখে ঢাকা বন বিভাগের আওতাধীন মিরপুর জাতীয় উদ্যান, বাড়ইপাড়া ন্যাচার পার্ক, গাজিপুর বন বিভাগের আওতাধীন ভাওয়াল জাতীয় উদ্যান , ময়মনসিংহ বন বিভাগের আওতাধীন , কাদিগড় ইকোপার্ক; ১৫ অক্টোবর, ২০১৬ তারিখে চট্টগ্রাম উত্তর বন বিভাগের অধীনস্থ মহামায়া ইকোপার্ক (মিরেসরাই), ১৬ অক্টোবর, ২০১৬ তারিখে চট্টগ্রাম বন্যপ্রাণী সংরক্ষণ বিভাগের আওতাধীন চুনতি রেঞ্জ এবং কক্সবাজার উত্তর বন বিভাগের আওতাধীন কার্যক্রম এবং ১৭ অক্টোবর, ২০১৬ তারিখে কক্সবাজার দক্ষিণ বন বিভাগের আওতাধীন একাধিক কম্পোনেন্ট পরিদর্শন করেন।

পরিদর্শনকালে জানা যায়, বন অধিদপ্তরের একজন উপ-প্রধান বন সংরক্ষক নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে এই প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন; যিনি প্রকল্পের সার্বিক তত্ত্বাবধান করেছেন। বিভিন্ন বন বিভাগের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাসহ বন বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দের নীবিড় তত্ত্বাবধানে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। এছাড়া প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন মাঠ পর্যায়ে সূক্ষভাবে তদারকির জন্য ৩৫ জন কর্মকর্তাসহ মোট ১১০ জনবলের নিয়োগ দেয়া হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তাসহ প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত মাঠ পর্যায়ের কর্মর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহ করে সহায়তা করেছেন।

১৫। **মূল্যায়ন পদ্ধতি:** প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;
মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
প্রকল্পের অগ্রগতি মনিটরিং প্রতিবেদন পর্যালোচনা;
প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পর্যালোচনা;
প্রকল্প মূল্যায়ন কমিটির (PEC) সভার কার্যবিবরণী পর্যালোচনা;
কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পদির্শন; এবং
প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রকল্পের সুবিধাভোগীদের সাথে আলোচন।

১৬। প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের অঙ্গভিত্তিক সংক্ষিপ্ত বিবরণ

প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে দেয়া হল **(বিস্তারিত সংযুক্তি -১ এ দেখানো হল):**

১৬.১। **বনায়ন ঃ** ফল ও পশু খাদ্যের জন্য মিশ্র বনায়ন- ৪০০ হেঃ, বাঁশ বাগান সৃজন- ১০০ হেঃ, বেত বাগান সৃজন- ১০০ হেঃ, বিরল ও বিপন্ন প্রজাতির বাগান সৃজন- ১৫৫০০০ টি চারা, শোভাবর্ধনকারী বাগান সৃজন- ১,৫৫,০০০ টি চারা, গোলাপ বাগান সৃজন- ১২০০০ টি, বিপন্ন প্রজাতির অর্কিড সংগ্রহ- ৪০০০টি, জীবন্ত বেড়ার বাগান সৃজন- ২,২০০ রানিং মিটার, ভেষজ বাগান সৃজন- ১০০ হেঃ, ঝাউ বাগান সৃজন - ৪০ হেঃ, ধ্বস ও ক্ষয়প্রাপ্ত পাহাড়ী এলাকায় বাগান সৃজন- ৬০ হেঃ ।

১৬.২। **নির্মাণ ও পূর্ত ঃ** পার্ক অফিস ভবন নির্মাণ- ৫টি, পাখি পর্যবেক্ষণ কেন্দ্র নির্মাণ- ৩টি, ক্যান্টিন নির্মাণ- ৮টি, পর্যবেক্ষণ টাওয়ার নির্মাণ - ৭টি, পিকনিক স্পট নির্মাণ- ১৫টি, পর্যটক কেন্দ্র নির্মাণ- ৩টি, পাবলিক টয়লেট নির্মাণ- ৪০ ব:মি:, রেঞ্জ অফিস নির্মাণ- ৭টি, ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ব্যারাক নির্মাণ- ৯টি, ওভারহেড ট্যাঙ্ক নির্মাণ- ৯সেট, কুমির প্রজনন কেন্দ্র নির্মাণ- ১টি, তৃণভোজী প্রাণীর উদ্ধার কেন্দ্র নির্মাণ- ৬টি, তৃণভোজী প্রাণীর জন্য নিরাপত্তা বেড়া নির্মাণ, পার্কে প্রবেশ পথ নির্মাণ, মডেল ও ম্যুরালসহ- ১৪টি, টিকিট কাউন্টার নির্মাণ- ১২টি, সেন্ট্রি পোস্ট নির্মাণ- ২৫টি, পশু খাদ্য খাওয়ানোর স্থান নির্মাণ- ৩৫টি, অর্কিড হাউজ নির্মাণ- ২টি, কাঠের সেতু নির্মাণ- ২টি , দোলনা নির্মাণ- ১৮টি, স্লীপার নির্মাণ- ১৮টি, খেলনা ঢেঁকি নির্মাণ - ১৮টি, আরসিসি বেঞ্চ নির্মাণ- ৩১৬টি, সীমানা প্রাচীর (২ মি. উচ্চতা) নির্মাণ ৪৩৩৯ রানিং মি:, সীমানা প্রাচীর (১.৫ মি. উচ্চতা হাফ গ্রীল) নির্মাণ ৩৯৩০রানিং মি, ক্যাকটাস হাউজ সংস্কার- ২টি, স্যালো নলকূপ স্থাপন- ৪০টি, বিলবোর্ড স্থাপন- ২০টি, পুকুর/ছড়া খনন ২৫০০০ ঘ: মি: ।

১৬.৩। **যানবাহন ঃ** জীপগাড়ী- ১টি, পিক আপ- ৩টি, মাইক্রোবাস- ১টি, মটর সাইকেল- ২৫ টি, বাই সাইকেল- ১৫০ টি, সমুদ্রগামী ট্রলার- ১টি, কেবিন ক্রুজার- ১টি, স্পীড বোট- ২টি, অবস্থান সুবিধা সম্পন্ন লঞ্চ - ১টি, প্রেট্রোল চালিত কাঠের ট্রলার - ৯টি।

১৬.৪। **যন্ত্রপাতি ও সরঞ্জাম ঃ** ইনফ্রারেড ক্যামেরা- ১০ টি, জি পি এস- ২০ টি, স্টিল ক্যামেরা-৪ টি, কম্পিউটার- ১৪ টি, ফটোকপিয়ার- ১৪ টি, প্রজেক্টর- ৪ টি, সোলার প্যানেল- ৩০ টি, জেনারেটর- ৪ টি, আই পি এস- ৬টি, বাইনোকুলার- ২২ টি, বন্যপ্রাণীর হ্যান্ডলিং সরঞ্জাম, চেতনানাশক বন্দুক- ৪টি, ভেটিরিনারী যন্ত্রপাতি, সার্ভে ও পরিমাপ যন্ত্রপাতি, লনমোয়ার- ১০ টি।

১৬.৫। **অন্যান্য কার্যক্রম ঃ** জীববৈচিত্র্য **সংরক্ষণ** সম্পর্কে সচেতনতা মূলক কর্মশালা আয়োজন, কমিউনিটি পেট্রোল গ্রুপকে সহায়তা প্রদান, এলিফ্যান্ট রেসপন্স দলকে সহায়তা পদান, বন্যপ্রাণীর জন্য খাদ্য সরবরাহ।

১৭। সরেজমিন অংগভিত্তিক পরিদর্শন ও পর্যবেক্ষণ: পরিদর্শনকৃত এলাকাসমূহের কতিপয় বাস্তবায়িত কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে উল্লেখ করা হলো:

১৭.১। মিরপুর জাতীয় উদ্যান(মিরপুর, ঢাকা; পরিদর্শনের তারিখঃ০৮.১০.২০১৬)

ঢাকা শহরের কেন্দ্র থেকে প্রায় ২০ কিলোমিটার উত্তরে মিরপুরের ২০৮.০ একর (৮৪.২ হেক্টর) ভূমির উপর দেশী-বিদেশী বিভিন্ন প্রজাতির উদ্দিদ সংগ্রহ, **সংরক্ষণ** ও জীনপুল তৈরীর উদ্দেশ্যে ১৯৬২ সালে জাতীয় উদ্ভিদ উদ্যান প্রতিষ্ঠিত হয়। প্রতিদিন আনুমানিক ৪৫০০ জন দেশী-বিদেশী দর্শণার্থী মিরপুরের এই জীবন্ৰ উদ্ভিদ সংগ্রহশালার (উদ্যান) মনোরম পরিবেশ উপভোগ করে থাকে। এছাড়া শিৰা ও গবেষণার উদ্দেশ্যে ছাত্র-ছাত্রী প্রতিদিন এ উদ্যানে গমন করে থাকে। বাংলাদেশের জীববৈচিত্র্য **সংরক্ষণ** ও ইকোট্যুরিজম উন্নয়ন প্রকল্পের আওতায় **এ** উদ্যানের সৌন্দর্য্য বৃদ্ধির লক্ষ্যে নিম্নের টেবিলে উল্লিখিত ভৌত ও বনায়নমূলক কাজ সম্পন্ন করা হয়েছেঃ

টেবিল ৪ মিরপুর জাতীয় উদ্যানে সম্পাদিত ভৌত ও বনায়নমূলক

ভৌত উন্নয়নমুলক কাজ	বনায়ন/বাগান সৃজন
প্রাকৃতিক ডিজাইনের আর.সি.সি বেঞ্চ - ৪০ টি ক্যাকটাস হাউজ রৰণাবেৰণ/সংস্কার - **২**টি পশুর ডিজাইন সম্বলিত ডাস্টবিন -১০ পুরাতন রেস্ট হাউজ সংস্কার - ১ সীমানা প্রাচীর (২ মিটার) উচ্চতা ৮৩৫ রানিং মিটার সীমানা প্রাচীর ১.৫ মিটার উচ্চতা ও হাফগ্রীল ২৫০ রানিং মিটার দিকনির্দেশনামূলক সাইনবোর্ড স্থাপন - ৫০টি দিকনির্দেশনামূলক গাইড ম্যাপ - ১টি পাকা রাস্তা ৫২১ মিটার এবং সিসি ওয়াকওয়ে ৬০০ মিটার	শোভাবর্ধনকারী বাগান উত্তোলন/ সৃজন - ৫০০০ টি জীবন্ৰ বেড়া - ১৫০ মিটার গোলাপ বাগান সৃজন ১৭০০ টি বিরল প্রজাতির অর্কিড সংগ্রহ ১২৫০টি উদ্ভিদ উদ্যানের জন্য বিরল প্রজাতির চারা সংগ্রহ/উত্তোলন ৫০০টি।

আলোচ্য প্রকল্পের অওতায় মিরপুর জাতীয় উদ্যানে ৫০০০টি শোভাবর্ধনকারী ফুলের চারা, ১৭০০টি গোলাপ চারা রোপন, ১২৫০টি বিরল ও বিপন্ন প্রায় প্রজাতির অর্কিড সংগ্রহ , ও অর্কিড হাউস/নার্সারিতে সংরক্ষণ, ১৫০মিটার জীবন্ত বেড়া , ১০৮৫ মিটার সীমানা প্রাচীর , প্রাকৃতিক ডিজাইনের ৪০টি আরসিসি বেঞ্চ নির্মাণ করা হয়। পরিদর্শনকালে শোভাবর্ধনকারী বাগানের অবস্থা ভাল দেখা গেলেও গোলাপ বাগানে ৫০০০ চারা আছে কিনা তা গণনা করা সম্ভব হয়নি। তবে, গোলাপ ফুলের চারা খুবই সামান্য বলে প্রতীয়মান হয়। তাছাড়া, গোলাপ ফুল গাছের স্বাস্থ্যও অত্যান্ত জীর্ণ-শীর্ণ এবং গোলাপের বাগান আগাছায় ভরপুর রয়েছে মর্মে দেখা যায় **(চিত্র - ১)।** এ প্রসংগে জানতে চাওয়া হলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ জানান যে , বর্তমানে বর্ষাকাল বিধায় গাছগুলোর অবস্থা ভাল নেই। প্রকৃত পক্ষে ফুলের গাছের অবস্থা শীত ও বসন্তকালে ভাল হবে। বর্তমানে গোলাপ ফুল গাছের চারা ছাটাই করা হচ্ছে। কলম করে নভেম্বর মাসে নতুনভাবে লাগানো হবে এবং শীতকালে ফুল কাছের প্রকৃত শোভা দেখা যাবে।

উদ্যানে বিভিন্ন প্রজাতীর বিরল প্রজাতির অর্কিড ও ক্যাকটাস সংগ্রহ করা হয়েছে মর্মে দেখা যায়। মাদার ক্যাকটাস রুমের অবস্থা ভাল দেখা গেলেও প্রকল্পের আওতায় সংস্কারকৃত রুমে ক্যাকটাসের সংখ্যা অপ্রতুল এবং ক্যাক্টাসের অবস্থাও ভাল দেখা যায়নি। ক্যাকটাস সংরক্ষণে অবহেলা ও অযত্নের ছাপ পরিলক্ষিত হয়। জীবন্ত বেড়ার অবস্থা ভাল রয়েছে মর্মে দেখা যায়। বিভিন্ন প্রজাতির ফলজ ও কাষ্টল গাছের চারা উৎপাদনের নার্সারি এবং নার্সারির হাফ গ্রীল (**(চিত্র - ২)**, সীমানা প্রাচীর, পাকা রাস্তার অবস্থা ভাল মর্মে দেখা যায়। তবে, পায়ে হাঁটার সিসি রাস্তার মাঝে মাঝে ফাটল/ভাংগা রয়েছে মর্মে দেখা যায় **(চিত্র - ৩)।** দর্শণার্থীদের বসার জন্য প্রাকৃতিক ডিজাইনের আরসিসি বসার বেঞ্চ নির্মাণের কথা থাকলেও এখানে নির্মিত বসার বেঞ্চ সমূহে প্রাকৃতিক ডিজাইনে **(চিত্র - ৪)।** নির্মাণ করা হয়নি এবং বেঞ্চসমূহ বসার জন্য আরাম দায়ক বলেও প্রতীয়মান

হয়নি।

এ প্রকল্পের আওতায় মিরপুর জাতীয় উদ্যানে একটি দিকনির্দেশনা সাইনবোড়, ১০টি পশুর ডিজাইন সংবলিত ডাস্টবিন নির্মাণ ও একটি গুদামঘর সংস্কার করা হয়েছে| তবে, পরিদর্শনকালে জানা যায়, গুদাম ঘরটি পার্কের গুদাম হিসাবে ব্যবহৃত না হয়ে নৈশপ্রহরীদের আবাস স্থল হিসাবে ব্যবহৃত হচ্ছে। উক্ত গুদাম ঘরটিতে এখনও বৈদ্যুতিক লাইনের সংযোগ দেয়া হয়নি। ফলে, নৈশ প্রহরীদের এখানে থাকতে বেশ অসুবিধা হচ্ছে বলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ জানান।

চিত্র - ১: আগাছায় ভরপুর গোলাপের বাগান , মিরপুর জাতীয় উদ্যান

চিত্র - ২: হাফগ্রীল সীমনা প্রাচীর, মিরপুর জাতীয় উদ্যান


চিত্র – ৩: পায়ে হাঁটার সিসি রাস্তায় সৃষ্ট ফাটল, মিরপুর জাতীয় উদ্যান

চিত্র – ৪: আর সি সি বসার বেঞ্চ, মিরপুর জাতীয় উদ্যান

১৭.২। বাড়ইপাড়া ন্যাচার পার্ক (আশুলিয়া, সাভার, ঢাকা; পরিদর্শনের তারিখঃ ০৮.১০.২০১৬)

ঢাকা বন বিভাগের অন্তর্গত বাড়ই পাড়া বীটে প্রকল্পের আওতায় নির্মিত অফিস ভবন , ইকো-কটেজ, পর্যটন কেন্দ্র, ২টি সেন্ট্রি পোস্ট, পিকনিক স্পট, ব্যারাক হাউস, ১০ মিটার সীমানা প্রাচীর **(চিত্র- ৫)** , ২টি ছাতা, ১টি গোলঘর, সাবমার্জিবল পাম্পসহ ওভারহেড ট্যা ঙ্কের **(চিত্র- ৬)।** অবস্থা পরিদর্শনে ভাল অবস্থায় পাওয়া যায়। তবে ১৫টি প্রাকৃতিক ডিজাইনের আর.সি.সি বেঞ্চ নির্মাণ করা হয়েছে মর্মে উল্লেখ করা হলেও বেঞ্চ গুলো প্রাকৃতিক ডিজানের মত করে তৈরী করা হয়নি । তাছাড়া , ব্যবহারের পূর্বেই বেঞ্চগুলোর বিভিন্ন স্থান ভাংগা রয়েছে মর্মে দেখা যায় **(চিত্র- ৭)।** বেঞ্চ নির্মাণে ব্যবহৃত উপকরণসমূহ যথযথ অনুপাতে রয়েছে কিনা তা পরীক্ষা করার প্রয়োজন রয়েছে মর্মে প্রতীয়মান হয়। পার্কে রাস্তার পরিমাণ অপর্যাপ্ত মর্মে প্রতীয়মান হয়। কোন সৃজিত বাশেঁর চারা দেখা যায়নি।

৫০০০-টি করে বিরল ও বিপন্ন প্রজাতির ও গোলাপের চা রা লাগানোর কথা থাকলেও খুবই সামান্য সংখ্যক গোলাপের চারা লাগানো হয়েছে মর্মে দেখা যায় **(চিত্র- ৮)।** পার্কের এক পাশে প্রাকৃতিক বনভূমি/গাছ-পালা খুবই কম এবং সে পাশে পাবলিক রাস্তা বিদ্যমান। সীমানা প্রাচীর দ্বারা পার্কটি সংরক্ষিত না থাকায় পার্কের মধ্য বিদ্যমান রাস্তা দিয়ে পাবলিক যানবাহণ ও সাধারণ জনগণকে চলাচল করতে দেখা যায়। কয়েকটি ব্যক্তিমালিকানাধীন দোকানও পার্কের দিকে উন্মুক্ত থাকায় পার্কের অভ্যন্তরে দোকান কেন্দ্রিক প্রচুর জনসাধারণের সমাগম ঘটছে। ফলে, ন্যাচার পার্কের ইকোলজিক্যাল বৈশিষ্ট বিঘ্নিত হবার সমূহ আশংকা রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

পার্কে নির্মিত শুধুমাত্র অফিস ভবন ব্যতীত অন্যান্য স্থাপনাগুলোতে বিদ্যুত সংযোগ দেয়া হয়নি এবং ব্যবহার

উপযোগী কোন আসবাবপত্র না থাকায় স্থাপনাগুলো লিজ দেয়ার ব্যবস্থা করা যাচ্ছেনা মর্মে পার্ক সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ জানান। এর ফলে একদিকে সরকার যেমন রাজস্ব হারাচ্ছে, অন্যদিকে জনগণ তেমনি পার্ক ব্যবহার ও বিনোদন সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। অপরপক্ষে স্থাপনগুলো ব্যবহার না করার ফলে নষ্ট হয়ে যাবার আশংকা রয়েছে মর্মে প্রতীয়মান হয়। ঢাকা শহরের অদূরে আশুলিয়ার ঘণবসতিপূর্ণ এলাকায় পার্কটি নির্মাণ করা হলেও পার্কের প্রধান ফটক নির্মাণ না করায় এবং পার্কের প্রচারণা বা পরিচিতিমূলক মূলক কোন নাম ফলক না থাকায় জনগণ এ পার্ক সম্পর্কে জানতে পারছেনা। পার্ক সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য উপযুক্ত প্রচারণার প্রয়োজন রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

চিত্র - ৫: অসমাপ্ত সীমানা প্রাচীর, বাড়ইপাড়া ন্যাচার পার্ক, ঢাকা

চিত্র - ৬: সাবমারসিবল পাম্পসহ ডিপ টিউবওয়েল ও ওভার হেড ট্যাংক, বাড়ইপাড়া ন্যাচার পার্ক, ঢাকা

চিত্র – ৭: অপ্রাকৃতিক ডিজাইনের আরসিসি বেঞ্চ, বাড়ইপাড়া ন্যাচার পার্ক, ঢাকা

চিত্র - ৮: গোলাপের চারা বিহীন বাগানের বেড়া , বাড়ইপাড়া ন্যাচার পার্ক, ঢাকা

১৭.৩। **কাদিগড় জাতীয় উদ্যান ভালুকা , ময়মনসিংহঃ (পরিদর্শনের তারিখঃ০৮.১০.২০১৬)**

প্রাকৃতিক সম্পদে ভরপুর ময়মনসিংহ জেলায় বিদ্যমান শালবনের জীব বৈচিত্র সংরক্ষণ এবং এলাকার জনগণের টুরিজম সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ভালুকা উপজেলার কাদিগড় মৌজার এবং মৌজার মোট ৯৫০ একর শালবনের প্রাকৃতিক পরিবেশে প্রকল্পের আওতায় কাদিগড় জাতীয় উদ্যান গড়ে তোলা হয়েছে। জাতীয় উদ্যানটি পরিদর্শনকালে প্রাকৃতিক বনে বিদ্যমানে বিভিন্ন প্রজাতির গাছ-পালা যেমন- শাল, হরিতকি, আগর, বহেরা, জারুল, অর্জুন, মেহগনি, বট আমালকি, তাল, জাম কাঠাঁল, পিতরাজ, কদম, বাঁশ, বেত এবং বানর, হনুমান, গুইসাপ, বেইজিসহ বিভিন্ন শ্রেণীর প্রাণীরও উপস্থিতি লক্ষ্য করা যায়।

পরিদর্শনকালে জানা যায়, কাদিগড় জাতীয় উদ্যানে টিকেট কাউন্টারসহ মেইন গেইট বা প্রধান ফটক (চিত্র -৯), দিক নির্দেশনা সাইনবোড, মেইন গেটের অভ্যন্তরে ৩ মিটার প্রস্থতা বিশিষ্ট ৫৩৫ মিটার পাকা রাস্তা, মেইন গেটের দুইপার্শ্বে হাফগ্রীল সম্বলিত ১.৫ মিটার উচ্চতা বিশিষ্ট ৬৫০ রানিং মিটার সীমানা প্রাচীর, ৯০০ ব:মি: একটি পার্কিং এলাকা (চিত্র - ১০), অফিস ভবন, ইকো-কটেজ, সেন্ট্রি পোষ্ট, গোলঘর, পর্যবেক্ষণ টাওয়ার, ২টি দোলনা, ২টি ব্যালান্স ঢেকি, ২টি স্লিপার, ২ টি বসার বেঞ্চ ও ১টি ব্যাঙের ছাতা সদৃশ্য সেডসহ নির্মিত মিনি শিশু-পার্ক (চিত্র -১১), ওয়াসরুমসহ ক্যান্টিন, পুরুষ ও মহিলাদের জন্য ২টি করে পৃথক ৪টি টয়েলেট **(চিত্র - ১২),** ৮,৪১০ ঘন মিটার মাটি খনন করে একটি বড় আকারের জলাধার/পুকুর, ব্যাঙের ছাতা সদৃশ্য সেড (বিশ্রামাগার ৩টি), ১৫টি প্রাকৃতিক ডিজাইনের বসার বেঞ্চ **(চিত্র - ১৩),** ২টি গোলঘর, ০১ (এক) টি সাবমারসিবল পাম্পসহ ডিপ টিউবওয়েল, ৪৬ ফুট উচ্চতা পর্যবেক্ষণ টাওয়ার **(চিত্র - ১৪)** ইত্যাদি নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে এ সকল স্থাপনার বাহ্যিক অবস্থা আপাতঃ দৃষ্টিতে ভাল রয়েছে মর্মে দেখা যায়। তবে , গাড়ি পার্কিং এলাকার হেরিং বোনের উপর স্থাপিত সোলিং মাঝে মাঝে উঠে গেছে মর্মে দেখা যায়।

পর্যবেক্ষণ টাওয়ারে যাবার পথে দীর্ঘ পথ কাঁচা মাটির রাস্তা রয়েছে। ফলে বর্ষাকালে মাটির রাস্তা দিয়ে পর্যবেক্ষণ টাওয়ারে যাওয়া কষ্টকর মর্মে প্রতীয়মান হয়েছে। তাছাড়া বিরল প্রজাতির, শোভাবর্ধনকারী ও গোলাপের চারা যথাক্রমে, ৮০০০, ১০৫০০ এবং ৯০০টি রোপন করা হয়েছে। তবে , বাস্তবে বাগানে সৃজিত চারার সংখ্যা গণনা করা সম্ভব না হলেও বাহ্যিক দৃষ্টিতে চারার সংখ্যা পর্যাপ্ত নয় মর্মে পরিলক্ষিত হয়। কাদিগড় অফিসের সামনে সৃজিত গোলাপ ও বিরল প্রজাতির বাগানের অবস্থা ভাল নেই মর্মে পরিলক্ষিত হয়। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ জানান যে, বর্তমানে বর্ষা মৌসুম অব্যাহত থাকায় ফুল গাছের অবস্থা ভাল না। শীতের মৌসুম আবসান হলে ফুলের প্রকৃত সৌন্দর্য ফুটে উঠবে।

জাতীয় উদ্যানের মধ্যে পর্যাপ্ত পরিমান পাকা রাস্তা না থাকায় এবং পার্কের প্রবেশ পথের পূর্বে প্রায় ৫০০ মিটার মাটির কাঁচা রাস্তা এবং জাতীয় উদ্যানটি ঢাকা ময়মনসিংহ রাস্তা থেকে প্রায় ১৫কিঃমিঃ পশ্চিমে অবস্থিত হওয়ায় এবং রাস্তার অবস্থা ভাল না হওয়ায় পর্যাপ্ত পরিমানে দর্শনার্থী হবেনা মর্মে আশংকা ব্যক্ত করা হয়। পার্কের মধ্যে প্রায় ১০০ একর ব্যক্তি মালিকানা ভুমি (বাইত) রয়েছে এবং উদ্যানের ৫টি পরিবার তাদের নিজ নিজ মালিকানাধীন বাড়িতে এখনও বসবাস করছে **(চিত্র -১৫)** । তারা মুলতঃ উদ্যান নির্ভর কৃষি কাজ, মাছ আহরণ এবং বনের বিভিন্ন গাছের পাতা , ফুল-ফল, মধু, কাঠ ইত্যাদি আহরণ করে জীবিকা নির্বাহ করে থেকে **(চিত্র -১৬)**। এ জাতীয় কার্যক্রম উদ্যানের জীববৈচিত্রের জন্য হুমকি হতে পারে মর্মে আশংকা প্রকাশ করা হয়। সুতরাং ব্যক্তিগত মালিকাধীন ১০০ একর জমি জাতীয় উদ্যানের আওতাভূক্ত করার এবং জাতীয় উদ্যানে বসবাসকারী পরিবারগুলোকে অন্যত্র স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক মর্মে প্রতীয়মান হয়।

চিত্র-৯: টিকেট কাউন্টারসহ মেইন গেইট বা প্রধান ফটক, কাদিগড়

চিত্র-১০: গাড়ি পার্কিং এলাকা হেরিং বোন, কাদিগড়, ময়মনসিংহ

চিত্র - ১১: পার্ক অফিস ভবনের সম্মুখে শিশুদের বিনোদনের জন্য নির্মিত মিনি শিশুপার্ক, কাদিগড়, ময়মনসিংহ

চিত্র - ১২: ব্যাঙের ছাতা সদৃশ্য সেডসহ প্রাকৃতিক ডিজাইনের বসার বেঞ্চ, কাদিগড়, ময়মনসিংহ।

চিত্র -১৪: ৪৬ ফুট উচ্চতা পর্যবেক্ষণ টাওয়ার কাদিগড়, ময়মনসিংহ

চিত্র - ১৫: পার্ক অফিসের সামনে জীর্ণ শীর্ণ গোলাপের বাগান

চিত্র - ১৫: পার্ক এলাকায় বিদ্যমান ব্যক্তিমালিকানাধীন বাড়ি

চিত্র - ১৬: জীবীকার অন্বেষণে পার্ক এলাকার অধিবাসীবৃন্দ

১৭.৪। ভাওয়াল জাতীয় উদ্যান, গাজীপুরঃ **(পরিদর্শনের তারিখঃ০৮.১০.২০১৬)**

রাজধানী ঢাকা ও এর আশপাশ এলাকার জনগোষ্ঠীর চিত্ত বিনোদন ও ভাওয়াল অঞ্চলের প্রাকৃতিক বনজ সম্পদ **সংরক্ষণের** উদ্দেশ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের **একান্ত** আগ্রহ ও নির্দেশনায় ১৯৭৪-৭৫ সালে ভাওয়াল জাতীয় উদ্যান প্রতিষ্ঠার কার্যক্রম

হাতে নেওয়া হয়। পরবর্তীতে ১৯৮২ সনে গেজেট নোটিফিকেশনের মাধ্যমে গাজীপুর জেলার প্রায় ৫,০০০ হেক্টর প্রাকৃতিক বনাঞ্চল নিয়ে ভাওয়াল জাতীয় উদ্যান প্রতিষ্ঠা করা হয়। শাল বনের জীব– বৈচিত্র্য ও উদ্ভিদ বৈচিত্র্য সংরক্ষণ, জাতীয় উদ্যানের সৌন্দর্য্য বৃদ্ধি এবং পর্যটকদের সুযোগ -সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বন্য প্রাণী বিভগ কর্তৃক ভাওয়াল জাতীয় উদ্যানে বাংলাদেশের জীব-বৈচিত্র্য **সংরক্ষণ** ও ইকোট্যুরিজম উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রমসমূহ গত ০৮।১০।২০১৬ তারিখে পরিদর্শন করা হয়।

পরিদর্শনকালে জানা যায়, গাজীপুরের ভাওয়াল জাতীয় উদ্যানে প্রকল্পের আওতায় ম্যুরালসহ গেইট ও টিকিট ঘর, ২টি সেন্ট্রি পোস্ট, ১টি পাবলিক টয়লেট, ১০০ মিটার সীমানা প্রাচীর, ১টি অর্কিড হাউস (চিত্র -১৭), প্রাকৃতিক ডিজাইনের আরসিসি বেঞ্চ ২টি গোলঘর (চিত্র -১৮) ইত্যাদি নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে বাহ্যিক দৃষ্টিতে নির্মিত স্থাপনাসমুহের অবস্থা ভাল রয়েছে মর্মে দেখা যায়। বিশেষায়িত প্রতিষ্ঠানের পরীক্ষা ব্যতীত গুনগত মানের বিষয়ে কোন মন্তব্য করা সমিচীন নয়। উল্লেখ্য অর্কিড হাউসে কোন অর্কিড ফুলের গাছ দেখা যায়নি। তবে, পরবর্তীতে অর্কিডের সংরক্ষণ ও প্রসারের জন্য হাউসটি ব্যবহৃত হলে পর্যটক ও বৃক্ষপ্রেমীদের আকর্ষণ বাড়বে মর্মে আশা করা যায়। তাছাড়া, গোলাপ ফুলের বাগানেও পর্যাপ্ত সংখ্যক গোলাপের চারা লাগানো হয়েছে মর্মে প্রতীয়মান হয়নি।

চিত্র -১৭: গাজীপুরের ভাওয়াল জাতীয় উদ্যানে নির্মিত অর্কিড হাউস

চিত্র -১৮: গাজীপুরের ভাওয়াল জাতীয় উদ্যানে নির্মিত গোলঘর

১৭.৫। মহামায়া ইকোপার্ক, মীরসরাই ও ফটিকছড়ি, চট্টগ্রামঃ (পরিদর্শনের তারিখঃ১৫.১০.২০১৬)

চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার রামগড়-সীতাকুন্ডের **সংরক্ষিত** বন এলাকাটি প্রাকৃতিক ঝর্ণা, লেক, লতা-গুল্ম, বৃক্ষরাজি ও নানা প্রজাতির পশু-পাখি ও প্রাণিকুলের সমন্বয়ে গঠিত এক সমৃদ্ধ জীব-বচিত্রের সমাহার। এলাকাটিতে চিত্ত বিনোদনের সুযোগ সৃষ্টি সমৃদ্ধ জীব বৈচিত্র্য **সংরক্ষণ** এবং বিপন্ন ও বিলুপ্তপ্রায় প্রজাতির বংশ বিস্ৰারের লৰ্যে, বাংলাদেশ বন্যপ্রাণী (**সংরক্ষণ** ও নিরাপত্তা) আইন ২০১২ অনুসারে সর্বমোট ৩,৮৫৩.০ একর এলাকা নিয়ে মহামায়া ইকোপার্ক গঠিত হয়েছে। উল্লেখ্য, ইতোপূর্বে, ২০১০ সালে ১৯.৭৯ একর বা ৮.০ হেক্টর জমিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক মহামায়া ছড়া সেচ সম্প্রসারণ প্রকল্পের আওতায় মাটির ড্যাম ও এ্যাপ্রোচ রোড নির্মাণ করা হয়েছে| মাটির ড্যাম নির্মাণের ফলে প্রায় ২০০.০ হেক্টরেরও অধিক জায়গায় জলাধার বা লেকের সৃষ্টি হয়েছে। মহামায়া ইকোপার্কটি পর্যটকদের কাছে আরো আকর্ষণীয় কর তোলা, পাহাড়ী এলাকায় দেশী-বিদেশী দূর্লভ ও বিরল প্রজাতির বনায়ন ও সংরক্ষণ, লেকে সারা বৎসর পানির ধারা অব্যাহত রাখা, মাইগ্রেটরী ও দেশীয় পাখির আশ্রয় স্থল সৃষ্টি, উদ্ভিদতত্ত্ববিদ ও ছাত্র-ছাত্রীদের বৈজ্ঞানিক গবেষণার সুযোগ সৃষ্টি ইত্যাদির লক্ষ্যে জীববৈচিত্র্য **সংরক্ষণ** ও ইকোট্যুরিজম উন্নয়ন প্রকল্পের অর্থায়নে চট্টগ্রাম উত্তর বন বিভা**গ** কর্তৃক নানাবিধ কার্যক্রম সম্পাদন করা হয়েছে। তন্মধ্যে প্রধান প্রধান কা র্যক্রমগুলি নিম্নের টেবিলে দেখানো হলঃ

পরিদর্শনকালে বিভাগীয় বন কর্মকর্তা, চট্টগ্রাম উত্তর কর্তৃক সরবরাহকৃত তথ্য থেকে জানা যায় , মিরসরাই রেঞ্জ অফিস ভবন এবং রেঞ্জ অফিস সংলগ্ন আরসিসি রাস্তা ও কালভার্ট, চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ব্যারাক, পিকনিক স্পট, সেন্ট্রি পোষ্ট, আরসিসি খুঁটিযুক্ত জেটি

(চিত্র -১৯), ইকোকটেজ, বাউন্ডারী ওয়াল ও হেরিং বোন কেন্টিন ও ওয়াশরুম, আরসিসি বেঞ্চ ও আরসিসি রাস্ৰা, পাহাড়ে চড়ার সিড়ি (চিত্র -২০), রাস্তা, ব্যাংগের ছাতাসহ শেড, প্রবেশ গেটসহ টিকিট কাউন্টার, আরসিসি রাস্ৰা, ছাতাসহ শেড নির্মাণ ও বিরল ও বিপন্ন প্রজাতির বনায়ন/বাগান সৃজনসহ শোভাবর্ধনকারী বিভিন্ন বাগান সৃজন করা হয়েছে। পরিদর্শনকালে আপাতঃ দৃষ্টিতে প্রকল্পের আওতায় নির্মিত বিভিন্ন স্থাপনাসমূহের অবস্থা ভাল বলে প্রতীয়মান হ্যয়েছে। তবে , মিরেসরাই রেঞ্জ অফিসের সামনের আরসিসি রাস্তার উভয়পার্শ্বে শোল্ডারের পর্যাপ্ত মাটি না থাকায় রাস্তা ক্ষতিগ্রস্ত হবার আশংকা রয়েছে মর্মে প্রতীয়মান হয় (চিত্র -২১)। পিকনিক স্পটের সামনের রাস্তাও কিছুটা ক্ষতিগ্রস্ত রয়েছে মর্মে দেখা যায়।

টেবিল ৫: মহামায়া ইকোপার্কে সম্পাদিত নির্মাণ ও বনায়ন কার্যক্রম

ক্রমিক নং	নির্মাণ কাজের বিবরণ	ঈরিমান
১	মীরসরাই রেঞ্জ অফিস নির্মাণ কাজ	১২০ বর্গ মিটার
২	প্রস্ৰাবিত মহামায়া ইকো - পার্কে ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ডরমেটরী নির্মাণ কাজ	১২০ বর্গ মিটার
৩	বিশ্রাম, প্রসাধনী ও রান্না ঘরসহ পিকনিক স্পট নির্মাণ কাজ	৫০ বর্গ মিটার
৪	ইকো- কটেজ / বিশ্রামাগার নির্মাণ কাজ ১টি	১০০ বর্গ মিটার
৫	সেন্ট্রি পোষ্ট নির্মাণ কাজ	১টি
৬	আরসিসি খুঁটি সহ জেটি নির্মাণ ১টি	৩৬ রানিং মিঃ
৭	বাউন্ডারী ওয়াল নির্মাণ	(১.৫০ উচ্চতা ২০০ রানিং মিঃ
৮	কেন্টিন ও ওয়াশ **রুম**	৩১.০০ বর্গ মিটার
৯	পাহাড়ে চড়ার সিড়ি	৫০ রানিং মিঃ
১০	প্রকৃতিক ডিজাইনের আরসিসি বেঞ্চ	৫টি
১১	মহামায়া পার্কে আরসিসি **রাস্তা** নির্মাণ	২৬৩.৮৫ মিটার
১২	রেঞ্জ অফিস আরসিসি রাস্ৰা নির্মাণ	১০০ মিটার
১৩	প্রস্ৰাবিত মহামায়া ইকো পার্কে ছাতাসহ শেড	৫টি
১৪	রেঞ্জ অফিস সংলগ্ন কালভার্ট নিমাণ	১টি
১৫	ভূমি উন্নয়ন	(৪০০ বর্গ মিটার)
১৬	পার্কিং এলাকায় হেরিং বোন বন্ড	৪০০ বর্গ মিটার
১৭	পার্কিং এলাকায় হেরিং বোন বন্ড	৫৫৮ বর্গ মিটার
১৮	বাউন্ডারী ওয়াল নির্মাণ	৫.৬´´ x ৫৩ মিঃ
১৯	বাউন্ডারী ওয়াল নির্মাণ	২.০০ x ৫০ মিঃ
২০	পার্কের প্রবেশ পথে মডেল ও মূর‌্যালসহ টিকিট কাউন্টার নির্মাণ	১টি

	বনায়ন কার্যক্রম		
	বাগানের ধরণ	বাগানের পরিমাণ	রোপিত চারার সংখ্যা
০১	মিশ্র পশু খাদ্য বাগান সৃজন	৩০.০০ হেক্টর	৭৫,০০০ টি
০২	পাহাড় ধ্বস ৰয়রোধ কল্পে বাগান সৃজন	১০.০০ “	২৫০০০ টি
০৩	শোভা বর্ধনকারী প্রজাতির চারা রোপণ	থোক	২৮৫০০ টি
০৪	বিরল ও বিপন্ন প্রজাতির চারা রোপণ	থোক	২৫০০০ টি
০৫	গোলাপ বাগান	থোক	২০০ টি
০৬	জীবন্ৰ বেড়া	৩০০ মিটার	থোক
০৭	বিরল ও বিপন্ন প্রজাতি এবং শোভাবর্ধনকারী চারা রোপণ	থোক	৯০০ টি

উৎসঃ বিভাগীয় বন কর্মকর্তা, চট্টগ্রাম উত্তর বন বিভাগ

পাহাড়ের চূড়ায় নির্মিত ইকো -কটেজ এবং পিকনিক স্পটে উঠার জন্য পাহাড়ের ঢাল বেয়ে সিড়ি নির্মাণ করা হয়েছে। তবে সিড়ির উভয় পার্শ্বে কোন রেলিং নির্মাণ না করায় পর্যটকদের বিশেষতঃ শিশু ও বৃদ্ধ দর্শনার্থীদের রেলিং বিহীন সিড়ি দিয়ে উপরে উঠা ঝুঁকিপূর্ণ (চিত্র -২০)। এছাড়া পিকনিক স্পট ও ইকো -কটেজ সহ বিভিন্ন স্থাপনায় বিদ্যুৎ সংযোগ এবং কোন আসবাবপত্র না থাকায়

স্থাপনাসমূহ অব্যবহৃত রয়েছে। ফলে , একদিকে যেমন পর্যটকেরা সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে ; অপরদিকে সরকারও তেমনি রাজস্ব হারাচ্ছে।

প্রধান ফটক থেকে পার্কের অভ্যন্তরে উঁচু -নিচু বিভিন্ন পাহাড়ের ঢাল কেটে গাড়ি চলাচলের জন্য আরসিসি রাস্তা নির্মাণ করা হয়েছে। রাস্তার অবস্থা ভাল রয়েছে মর্মে দেখা যায় তবে , রাস্তার উভয়পাশ্বে প্রচুরপরিমাণে মাটির স্তুপ জমা করে রাখা হয়েছে **(চিত্র -২২)।** । বৃষ্টির ফলে এ সমস্ত মাটি রাস্তার উপর জমা হয়ে রাস্তা পিচ্ছিল হয়ে চলাচলের জন্য ঝুঁকিপূর্ণ হওয়ার আশংকা রয়েছে। সুতরাং এ সমস্ত মাটি স্থানান্তর করা প্রয়োজন।

চিত্র-১৯: নৌভ্রমণের উদ্দেশ্যে লেকে যাওয়ার জন্য নির্মিত আরসিসি খুঁটিযুক্ত জেটি

চিত্র-২০: লেক থেকে ইকোকটেজে যাবার জন্য পাহাড়ের ঢাল বরাবর রেলিং বিহীন সিড়ি

চিত্র-২১: মিরের সরাই রেঞ্জ অফিসের সামনের আরসিসি রাস্তা



চিত্র-২২: পার্কের অভ্যন্তরের গাড়ি চলাচলের জনা আরসিসি রাস্তা

১৭.৬। চুনতি রেঞ্জ, লোহাগাড়া ও বাঁশখালি, চট্টগ্রাম এবং চকরিয়া, কক্সবাজার (পরিদর্শনের তারিখঃ১৬ অক্টোবর,২০১৬)

দক্ষিণ-পূর্ব উপমহাদেশীয় জীববৈচিত্রের একটি বিশাল অংশ সমৃদ্ধ বনাঞ্চল চট্টগ্রাম জেলার লোহাগাড়া ও বাঁশখালি উপজেলা এবং কক্সবাজার জেলার চকরিয়া উপজেলায় ৭,৭৬৪ হেক্টর সংরক্ষিত বনভূমি নিয়ে ১৯৮৬ সালে চুনতি বন্যপ্রাণী অভয়ারণ্যটি প্রতিষ্ঠা করা

হয়। এ রেঞ্জে বৃক্ষ, গুল্ম ও তৃণ জাতীয় মোট ১০৭ প্রজাতির গাছপালা এবং ৮৩ প্রজাতির পশু-পাখী ও প্রাণীর মহা সমারোহ বিদ্যমান। তন্মধ্যে প্রাণীকুলের মধ্যে এশীয় হাতি এবং বৃক্ষ রাজির মধ্যে ছাতা সদৃশ্য গর্জন এই বনাঞ্চলকে করেছে বিশেষ বৈশিষ্ট মন্ডিত। এ প্রাকৃতিক বনাঞ্চলের সমৃদ্ধ জীব-বৈচিত্র সংরক্ষণ এবং পর্যটন সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম এর তত্ত্বাবধায়নে **"বাংলাদেশের জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজম উন্নয়ন"** শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত কার্যক্রমসমুহ সম্পন্ন করা হয়েছেঃ

টেবিল ৬: চুনতি রেঞ্জে সম্পাদিত কার্যক্রম

ক্রমিক নং	কোড নং	কাজের নাম	মোট টাকা	কাজের স্থান
৩	৭০১৬	ভূমি উন্নয়ন (২৫০০ ঘঃ মিঃ)	৪২৪৭৫০.০০	চুনতি রেঞ্জ
৪	৭০১৬	পুরাতন রেষ্টহাউজ সংস্কার	**৩৪৯৯২১.০০**	চুনতি রেঞ্জ
৬	৭০১৬	ইকোকর্টেজ (২টি)	**৩১৯৮০০০.০০**	চুনতি রেঞ্জ
৮	৭০১৬	পার্কে প্রবেশ পথে মডেল মুর‌্যাল (১টি)	৪৯৯৪১২.০০	চুনতি রেঞ্জ
৯	৭০১৬	টিকিট কাউন্টার (১টি)	১০০০০০.০০	সাফারী পার্ক
১০	৭০১৬	গোলঘর (২টি)	৩৯৯৮৯৮.০০	সাফারী পার্ক
১১	৭০১৬	সীমান প্রাচীর (২ মিঃ উচ্চতা) ২০০ রাঃ মিঃ	১০০০৯৯৯.০০	চুনতি রেঞ্জ
১২	৭০১৬	পাকা রাস্তা (৫০০ মিটার)	২২৪৯৪১২.০০	চুনতি রেঞ্জ

উৎসঃ **বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম।**

চুনতি রেঞ্জে জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও ইকোট্যুরিজম উন্নয়নের লক্ষ্যে বর্ণিত প্রকল্পের আওতায় নির্মিত বিভিন্ন স্থাপনা সমূহের মধ্যে ৩১,৯৮,০০০.০০ টাকা ব্যয়ে নির্মিত ইকো-কটেজ, ৪,৯৯,৪১২.০০ টাকা ব্যয়ে পার্কের প্রবেশ পথে নির্মিত মডেল মুরাল এবং ২২,৪৯,৪১২.০০ টাকা ব্যয়ে নির্মিত ৫০০ মিঃ পাকা রাস্তা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে স্থাপনা সমূহের অবস্থা বাহ্যিক দৃষ্টিতে ভাল রয়েছে মর্মে দেখা যায়। তবে ইকো-কটেজে প্রবেশের রাস্তা অবস্থা বিভিন্ন আগাছায় ঘেরা রয়েছে মর্মে দেখা যায় (চিত্র -২৩)। তাছাড়া ইকো-কটেজে বিদ্যুৎ সংযোগ এবং আসবাবপত্র না থাকায় কটেজটি অব্যবহৃত রয়েছে মর্মে দেহা যায়।



চিত্র –২৩: চুনতি রেঞ্জের ইকোকটেজ

১৭.৭। **কক্সবাজার উত্তর বন বিভাগঃ (পরিদর্শনের তারিখঃ১৭ অক্টোবর, ২০১৬)**

কক্সবাজার বনাঞ্চল বাংলাদেশের উল্লেখযোগ্য বনজসম্পদ সমৃদ্ধ বনাঞ্চলসমূহের মধ্যে অন্যতম। কক্সবাজারের পাহাড়ী বনাঞ্চল বিভিন্ন প্রকার চিরসবুজ ও স্বল্পকালীন পর্ণমোচী প্রজাতির উদ্ভিদ এবং নানাবিধ প্রাণীকূলের সমন্বয়ে গঠিত সমৃদ্ধ জীব-বৈচিত্র্য। কিন্তু ক্রমাগত জনসংখ্যা বৃদ্ধি, বিকল্প কর্মসংস্থানের অভাব, বনজসম্পদের উপর অধিক নির্ভরশীলতা, অবৈধভাবে বৃক্ষ নিধন এবং বনভূমি জবরদখলের প্রবনতা আশঙ্কাজনক হারে বৃদ্ধি পাওয়ায় জীববৈচিত্র্যে ভরপুর এই বনাঞ্চল হারাতে বসেছে তার নিজস্ব সৌন্দর্য। বন্যপ্রাণীদের আবাসস্থল উন্নয়নের মাধ্যমে বিপন্ন ও মহাবিপন্ন প্রানী ও উদ্ভিদ প্রজাতিগুলোকে বিলুপ্তির হাত থেকে রক্ষা করা এবং পর্যটন নগরী কক্সবাজারে ইকোট্যুরিজমের সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশের জীববৈচিত্র্য **সংরক্ষণ** ও ইকোট্যুরিজম উন্নয়ন প্রকল্পের আওতায় কক্সবাজার উত্তর বন বিভাগের আওতাধীন বিভিন্ন রেঞ্জ ও বিটগুলোতে যে সকল কার্যক্রম বাস্তবায়িত হয়েছে তার মধ্যে পরিদর্শনকৃত অংগসমূহের সংক্ষিপ্ত বিবরণী নিম্নে তুলে ধরা হলঃ

প্রকল্পের আওতায় নির্মিত পার্কিং এলাকা, ১২০ বর্গমিটার আয়তন বিশিষ্ট ৪র্থ শ্রেনীর কর্মচারীদের ব্যারাক অফিস; ১২০ বর্গমিটার

আয়তন বিশিষ্ট জোয়ারিয়ানালা রেঞ্জ অফিস ভবন; বিভিন্ন রংগের গোলাপ বাগান; ফল পশুখাদ্য ও মিশ্র ও বিরল বিপন্ন বাগান, ঔষধী বাগান ও বেত বাগান পরিদর্শন করা হয়। ফুলছড়ি রেঞ্জের একটি পিকনিক স্পটের নির্মাণ কাজ অসমাপ্ত অর্থাৎ ওয়াল ও মেঝের প্লাস্টার, দরজা-জানালা লাগানো, বাথরুমের ফিটিংশসহ অনেক কাজ অসমাপ্ত রয়েছে মর্মে দেখা যায় **(চিত্র - ২৪)।** অথচ, নির্মাণাধীন ভবণের জন্য বরাদ্দকৃত ৯,৯৯,১২৫.০০ টাকা পরিশোধ করা হয়েছে। তাছাড়া রেঞ্জ অফিসের সামনে ৬,৯৯,৮৫৩.০০ টাকা ব্যয়ে নির্মিত গাইড ওয়ালের অবস্থাও মান সম্মত মনে হয়নি **(চিত্র - ২৫)।** এছাড়া, গোলাপ ফুলের বাগান, ফল পশুখাদ্য ও মিশ্র ও বিরল বিপন্ন বাগান, ঔষধী বাগান ও বেত বাগান ইত্যাদি ফল পশুখাদ্য ও মিশ্র ও বিরল বিপন্ন বাগান, ঔষধী বাগান ও শোভা বর্ধনকারী বিভিন্ন প্রজাতির গাছ-পালার অবস্থাও শোচনীয় মর্মে পরিলক্ষিত হয় **(চিত্র - ২৬)।** রেঞ্জ অফিসের সামনের মেঝে থেকে অনেক স্থানের সলিং উঠে গেছে মর্মে দেখা যায় (চিত্র –২৭)।



চিত্র –২৪ঃ ফুলছড়ি রেঞ্জে নির্মাণাধীন অসমাপ্ত পিকনিক স্পট

চিত্র –২৫ঃ রেঞ্জ অফিসের সামনে নির্মিত গাইড ওয়াল

চিত্র –২৬ঃ ফল পশুখাদ্য ও মিশ্র ও বিরল বিপন্ন বাগান, ঔষধী বাগান

চিত্র –২৩ঃ রেঞ্জ অফিস ভবন

১৭.৮। কক্সবাজার দক্ষিণ বন বিভাগঃ (পরিদর্শনের তারিখঃ১৭ অক্টোবর,২০১৬)

কক্সবাজারের সমৃদ্ধ পাহাড়ী বনাঞ্চল বিভিন্ন প্রজাতির চিরসবুজ উদ্ভিদরাজি ও অসংখ্য প্রজাতির প্রাণীকূলের সমন্বয়ে গঠিত। জীব-বৈচিত্রে ভরপুর কক্সবাজার দক্ষিণের সমৃদ্ধ বনাঞ্চল ক্রমাগত জনসংখ্যা বৃদ্ধি, অবৈধ বৃক্ষনিধন ও জবরদখলের প্রবনতা ইত্যাদি নানাবিধ হুমকির মূখে পড়ে কক্সবাজারের সম্পদ বনভূমি আশঙ্কাজনক হারে হ্রাস পাচ্ছে। এমতাবস্থায়, বিপন্ন ও বিলুপ্ত প্রায় প্রানী ও উদ্ভিদ প্রজাতিগুলোকে বিলুপ্তির হাত থেকে রৰা করা এবং কক্সবাজারে পর্যটন পর্যটনের সুযোগ-সুবিধা বৃদ্ধির লৰ্যে বাংলাদেশের জীববৈচিত্র্য **সংরক্ষণ** ও ইকোট্যুরিজম উন্নয়ন প্রকল্পের আওতায় কক্সবাজার দক্ষিণ বন বিভাগের আওতাধীন বিভিন্ন রেঞ্জ ও বিটগুলোতে টেবিল ৭ এ উল্লিখিত উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়িত হয়েছেঃ

টেবিল ৭: কক্সবাজার দক্ষিণ বন বিভাগ কর্তৃক সম্পাদিত ভৌত ও বনায়ন কার্যক্রম

ভৌত নির্মাণ কার্যক্রম			
ক্রমিক নং	ভৌত কাজের বিবিরণ	কাজের পরিমান	কাজের স্থান
	স্যালো নলকূপ	২ টি	বোটানিক্যাল গার্ডেন/দারিয়ানগর
	কাঠের সেতু	১ টি	বোটানিক্যাল গার্ডেন
	পায়ে হাটার রাস্তা	২.০ কিলোমিটার	দারিয়ানগর
	ওভারহেড ট্যাঙ্ক	১টি	বাহারছড়া
	গাড়ির গ্যারেজ নির্মাণ	১ টি	ডিএ’র বাংলো
	সেন্ট্রি পোস্ট	১ টি	ডিএফও অফিস
	টয়লেট ও রান্নাঘরসহ পিকনিক স্পট নির্মাণ	১ টি	দারিয়ানগর
	ঝর্ণা সংস্কার	১ টি	হিমছড়ি জাতীয় উদ্যান
	ছাতাসহ সেড নির্মাণ	২ টি	দারিয়ানগর
	শিশুদের খেলার জন্য স্টিলের দোলনা	১ টি	দারিয়ানগর
	শিশুদের খেলার জন্য স্লিপার	১ টি	দারিয়ানগর
	শিশুদের জন্য খেলনা ঢেকি	১ টি	দারিয়ানগর
	প্রকৃতিক ডিজাইনের আরসিসি বেঞ্চ	৫টি	দারিয়ানগর
	পশুর ডিজাইনের ডাস্টবিন	২টি	দারিয়ানগর
	বাউন্ডারী ওয়াল নির্মাণ (১.৫ মিটার উচ্চতা)	১০০ মিটার	বিজতলা কেন্দ্র
	বাউন্ডারী ওয়াল নির্মাণ (২.০ মিটার উচ্চতা)	১০০ মিটার	বাহারছড়া
	রেঞ্জ অফিস নির্মাণ	১২০ বর্গ মিটার	ধোয়াপালং
	বনায়ন কার্যক্রম		
	বাগানের ধরণ	বাগানের পরিমাণ/রোপিত চারার সংখ্যা	
	ফল, পশু ও খাদ্যের বাগান সৃজন	৭৮.০০ হেক্টর	কলাতলী, আপারেঞ্জু, উখিয়াঘাট, মোচনী, মোছারখোলা
	পাহাড় ধ্বস ৰয়রোধ কল্পে বাগান সৃজন	৩০.০০ হেক্টর	কলাতলী বীট/হিমছড়ি
	শোভা বর্ধনকারী বাগান সৃজন	১২৮০০ টি চারা	রাজারকুল বীট
	বিরল ও বিপন্ন প্রজাতির বাগান	২৭০০০ টি চারা	ধোয়াপালং, মোচনী, বোটানিক্যাল গার্ডেন
	গোলাপ বাগান সৃজন	৩৬৭ টি চারা	রাজারকুল বীট
	জীবন্ৰ বেড়া	৪৫০ রানিং মিটার	বোটানিক্যাল গার্ডেন

উৎসঃ বিভাগীয় বন কর্মকর্তা, কক্সবাজার দক্ষিণ বন বিভাগ

পরিদর্শনকালে প্রকল্পের অর্থায়নে হিমছড়ি জাতীয় উদ্যানের ঝর্ণা সংস্কার এবং দারিয়ানগর পার্কে নির্মিত বিভিন্ন ভৌত কাজ ও বনায়ন কার্যক্রম পর্যবেক্ষণ করা হয়।

হিমছড়ি জাতীয় উদ্যানঃ

পরিদর্শনকালে দেখা যায় যে , হিমছড়ি এলাকায় বিদ্যমান প্রাকৃতিক ঝর্ণাটি ক্রমাগতভাবে পাহাড় ধ্বসের ফলে ঝুঁকিতে পড়তে থাকে। পাহাড় ধ্বসের ঝুকিঁ থেকে হিমছড়ি ঝর্ণাকে রক্ষার জন্য ২৯.৯৭.৭০০/- টাকা ব্যয়ে সংস্কার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে । ঝর্ণাটিকে পাহাড় ধ্বসের কবল থেকে রক্ষার জন্য মূল ঝর্ণাটি পাথর দ্বারা বাধানো হয়েছে **(চিত্র -২৮)।** মুল ঝর্ণার উপরিভাগে যেখান থেকে পানি নীচে গড়িয়ে পড়ে সে স্থানটি পাকা করে বাধানো হয়েছে । তাছাড়া, মূল ঝর্ণার পাশে অপেক্ষাকৃত কম ঢালের একটি সিঁড়ি নির্মাণ করা হয়েছে (চিত্র –২৯)। বর্ষাকালে যখন পানির প্রবাহ বৃদ্ধি পায় সে সময় অতিরিক্ত পানি সিঁড়ি দিয়ে নীচে পতিত হয়। তবে , সিঁড়ি দিয়ে ঝর্ণার পানি দ্রুতবেগে নীচের পড়ার ফলে সিড়ির নীচ থেকে মাটি সরে গেছে মর্মে দেখা যায়। সুতরাং সিড়িটির স্থায়িত্ব দীর্ঘস্থায়ী করার জন্য সিড়ির নীচে আরও কয়েকটি সিড়ির স্তর /ধাপ নির্মাণ কিংবা শক্ত মাটি বা পাথর জাতীয় পদার্থ দ্বারা ভরাট করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়।



চিত্র –২৮ : পাথর দ্বারা বাধানো মূল ঝর্ণা



চিত্র –২৯: পাথর দ্বারা বাধানো মূল ঝর্ণার পাশে প্রকল্পের আওতায় নির্মিত স্বল্প ঢালের সিড়ি ; যার উপর দিয়ে বর্ষাকালের অতিরিক্ত পানি নীচে গড়িয়ে পড়ে।

দারিয়ানগর পার্কঃ

কক্সবাজার – টেকনাফ মেরিন ড্রাইভ এর পাশে দারিয়ানগর নামক স্থানে ইতোপূর্বে স্থাপিত পার্কটি পর্যটকদের নিকট আরোও আকর্ষণীয় ও উপভোগ্য করার নিমিত্ত বাংলাদেশের জীব -বৈচিত্র সংরক্ষণ ও ইকোট্যুরিজন উন্নয়ন প্রকল্পের ৩.২৪.৮০০/- টাকা ব্যয়ে ২.০০কিঃমিঃ হেরিং বোন পায়ে হাটার রাস্তা , ৯.৯৯.৯৯০/- টাকা ব্যয়ে টয়লেট ও রান্নাঘরসহ পিকনিক স্পট , ব্যাঙের ছাতা সদৃশ্য সেডসহ আরসিসি বসার বেঞ্চ নির্মাণ এবং কতিপয় খেলনা সংবলিত ছোট একটি শিশু পার্ক নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে বাহ্যিক দৃষ্টিতে পিকনিক স্পট এবং ব্যাঙের ছাতা সদৃশ্য সেড ও বসার আরসিসি বেঞ্চের অবস্থা ভাল বলে প্রতীয়মান হয়। তবে, পিকনিক স্পটে কোন বিদ্যুত সংযোগ ও আসবাবপত্র না থাকায় তা অব্য বহৃত রয়েছে। তবে, হেরিং বোন রাস্তার উভয় পাশ থেকে মাটি সরে গিয়েছে মর্মে দেখা যায়। সুতরাং রাস্তার উপর দিয়ে মানুষ জনের চলাচল বৃদ্ধি পেলে কিংবা বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টির ফলে রাস্তার ইটসমূহ বিচ্যুত (displace) হবার আশংকা রয়েছে। অনুমোদিত ডিপিপি-তে প্রাকৃতিক ডিজাইনের আরসিসি বসার বেঞ্চ নির্মাণ করার কথা থাকলেও নির্মিত বেঞ্চসমূহে কোন প্রকৃতির ছোয়া দেখা যায়নি **(চিত্র -৩০)।** তবে, শিশুদের জন্য নির্মিত শিশু কর্ণারের খেলনাসমূহ ২০১৪ – ২০১৫ অর্থবছরে ক্রয় করা হলেও সে তুলনায় বেশ পুরাতন বলে মনে হয়েছে **(চিত্র -৩১)।** উল্লেখ্য পার্কটি আয়তনে ছোট হলেও কক্সবাজার – টেকনাফ মেরিন ড্রাইভ এর পাশে অবস্থানের কারণে প্রচুর দর্শনার্থীর সমাগম হবার সম্ভাবনা রয়েছে। কিন্তু , পার্কটিতে শোভাবর্ধনকারি কোন ফুলের বাগান গাছ -পালা কিংবা পর্যটকদের আকর্ষনীয় কোন উপকরণ নাথাকায় জনগনের সমাগম কম হবার আশংকা রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

চিত্র - ৩০: দারিয়ানগর পার্কে নির্মিত অপ্রাকৃতিক ডিজাইনের আরসিসি বেঞ্চ।

চিত্র - ৩১: দারিয়ানগর পার্কে নির্মিত শিশুদের জন্য খেলনা।

ঘ. প্রকল্পের বিশ্লেষণমূলক তথ্যঃ

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

ক্রমিক	পরিকল্পিত	অর্জিত
১৮.১।	মিশ্র বনায়ন সৃষ্টি এবং বনায়নের মাধ্যমে বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়ন।	প্রকল্পের আওতায় সারাদেশে বন্যপ্রাণীর আবাস্থল উন্নয়ন, বন্যপ্রাণীর খাদ্য সরবরাহ ও জীববৈচিত্র্য সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লৰ্যে ফল, পশুখাদ্যের মিশ্র বাগান, বিরল ও বিপন্ন প্রজাতীর বাগান, ঔষধী বাগান, বাঁশ বাগান, বেত বাগান, ঝাউ বাগান, ধ্বংস ও ৰয়প্রাপ্ত পাহাড়ী এলাকায় বাগান, শোভাবর্ধনকারী বাগান সৃষ্টি ও রৰাণাবেৰণের গুরম্নত্বপূর্ণ দায়িত্ব পালন করছে।
১৮.২।	বিদ্যমান জাতীয় উদ্যান, বন্যপ্রাণী অভয়ারণ্য, ইকোপার্ক, উদ্ভিদ উদ্যান, সাফারী পার্ক ইত্যাদিসহ **সংরক্ষিত** বন, বিশেষ **সংরক্ষিত** এলাকা ও সম্ভাবনাময় ইকোট্যুরিজম কেন্দ্র সমুহে ইকোট্যুরিজম ও বিনোদন সুবিধাদির উন্নয়ন।	বিদ্যমান উদ্ভিদ উদ্যান, জাতীয় উদ্যান, সাফারী পার্ক, ইকোপার্ক, অভয়ারণ্য, রৰিত ও **সংরক্ষিত** বনাঞ্চলে ৫৮ টি সম্ভবনাময় পরিবেশ বান্ধব পর্যটন কেন্দ্র সমূহে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম গ্রহণ করে জীববৈচিত্র্য **সংরক্ষণ**, ইকোট্যুরিজম উন্নয়ন, শিৰা গবেষণা ইত্যাদির সুযোগ সৃষ্টির লৰ্যে প্রকল্পটি গুরম্নত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। এগুলোর মধ্যে উলেস্নখযোগ্য হলো ৫ টি পার্ক অফিস নির্মাণ, ৭ টি রেঞ্জ অফিস নির্মাণ, ৯ টি চতুর্থ শ্রেণী কর্মচারীদের জন্য ব্যারাক নির্মাণ, পুরাতন রেষ্ট হাউজ সংস্কার, ৩ টি বিশ্রামাগার নির্মাণ, রাস্ৰা নির্মাণ, পাখী পর্যবেৰণ কেন্দ্র, ইকো-কটেজ, গোলঘর, ৭টি পর্যবেৰণ টাওয়ার, বিশ্রাম, প্রসাধনী ও রান্নাঘর সহ ১৫ টি পিকনিক স্পট, ২ টি কাঠের সেতু, সীমানা প্রাচীর, বন্যপ্রাণী উদ্ধার কেন্দ্র, হরিণ ও কুমির প্রজনন কেন্দ্র ইত্যাদি অবকাঠামো নির্মাণ করা হয়েছে। যাহার ফলে উক্ত এলাকায় ইকোট্যুরিজম সুযোগ সুবিধা পূর্বের তুলনায় বহুগুন বৃদ্ধি পেয়েছে।
১৮.৩।	সংকটাপন্ন ও হুমকিগ্রস্থ উদ্ভিদ এবং বন্যপ্রাণীর In situ, Ex-situ সংরৰণে সহায়তা প্রদান।	এই প্রকল্পের আওতায় সংকটাপন্ন ও হুমকিগ্রস্থ উদ্ভিদ এবং বন্যপ্রাণীর সংরৰনে সারাদেশে বিদ্যমান উদ্ভিদ উদ্যান, জাতীয় উদ্যান, সাফারী পার্ক, ইকোপার্ক, অভয়ারণ্য, রৰিত ও **সংরক্ষিত** বনাঞ্চলে মিশ্র বনায়ন, বাঁশ বাগান,ধ্বংস ও ৰয়প্রাপ্ত পাহাড়ী বাগান,ঝাউ বাগান, ঔষধি বাগান, আরবোরেটামের জন্য বাঁশ, বেত ও মূর্তা বাগান,বিরল প্রজাতির উদ্ভিদের বাগান, বিরল প্রজাতির অর্কিড সংগ্রহ ও নার্সারী স্থাপন করা হয়েছে। এছাড়াও ২ টি ক্যাকটাস ও ১ টি অর্কিড হাউস নির্মান করা হয়েছে। এই প্রকল্পের আওতায় বন্যপ্রানীর জন্য খাদ্য সরবরাহ এবং হরিণ ও কুমির প্রজনন কেন্দ্র নির্মাণ করা হয়েছে।এর মাধ্যমে সংকটাপন্ন ও হুমকিগ্রস্থ উদ্ভিদ এবং বন্যপ্রাণীর In situ, Ex-situ

		সংরক্ষণে এই প্রকল্প গুরুত্বপূর্ন ভূমিকা পালন করেছে।
১৮.৪।	বন্যপ্রানীর অবৈধ পাচার, শিকার ও ব্যবসা বন্ধ করা ।	বন্যপ্রানীর অবৈধ পাচার, শিকার ও ব্যবসা বন্ধে বিভিন্ন ধরনের গনসচেতনতা মূলক কর্মসূচীর করা হয়েছে।
১৮.৫।	বন্যপ্রাণীর আবাসস্থল পুনরুদ্ধার ও উন্নয়ন।	এই প্রকল্পের আওতায় বন্যপ্রাণীর আবাসস্থল পুনরুদ্ধার ও উন্নয়ন কল্পে বিভিন্ন ধরনের বনায়ন,নিরাপত্তা বেড়া,পশুখাদ্য খাওয়ার স্থান ,জলাধার তৈরী করা হয়েছে।
১৮.৬।	জীববৈচিত্র্য **সংরক্ষণ** ও ইকোট্যুরিজম উন্নয়নের জন্য দক্ষ জনবল তৈরী করণ।	জীববৈচিত্র্য ও বন্যপ্রাণীর উপর জরিপ ও মনিটরিং রির্পোট তৈরী ও উপাত্ত সংগ্রহ করছে।
১৮.৭।	বন্যপ্রাণী ও মানুষের দ্বন্দ্ব নিরসন।	মানুষ ও বন্যপ্রাণীর দ্বন্দ্বের কারণে লোকালয়ে চলে আসা বন্যপ্রাণী উদ্ধার ও পুনর্বাসনের কাজ করছে।

১৯। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ প্রকল্পের উদ্দেশ্যে অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

২০। অডিটঃ মন্ত্রণালয়ের প্রেরিত পিসিআর অনুযায়ী প্রকল্পের প্রকল্পের internal বা external কোন অডিটই সম্পন্ন হয়নি। পরিদর্শনকালে এপ্রসংগে প্রকল্প পরিচালক জানান যে, রাজস্ব বাজেটে বন অধিদপ্তরের তত্বাবধানে বাস্তবায়িত কোন প্রকল্পেরই প্রকল্প চলাকালীন কোন অডিট করা হয় না। প্রকল্প সমাপ্তির পর অন্যান্য প্রকল্পের মত আলোচ্য প্রকল্পেরও ওডিট খুব শীঘ্রই সম্পন্ন করা হবে বলে প্রকল্প পরিচালক জানান।

২১। আইএমইডি'র পর্যবেক্ষণ/বিদ্যমান সমস্যাবলীঃ

২১.১।	প্রাকৃতিক সৌন্দর্যের অপরুপ লীলাভূমি বাংলাদেশের জীব-বৈচিত্রের সমৃদ্ধ এবং ইকোট্যুরিজমের জন্য অপার সম্ভাবনাময় ৩৫টি স্থানে বর্তমান প্রকল্পের আওতায় নানাবিধ উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে; যা একটি যুগান্তকারী পদক্ষেপ হিসাবে বিবেচনা করা যেতে পারে। প্রকল্পের পিসিআর এবং আইএমইডি 'র কর্মকর্তা কর্তৃক প্রকল্প এলাকা সরেজমিনে পর্যবেক্ষণ থেকে প্রতিভাত হয়েছে যে, এলাকা সমুহের প্রাকৃতিক পরিবেশের ও জীব বৈচিত্রের উল্লেখ্যযোগা উন্নতি হয়েছে এবং পর্যটনের নতুন নতুন সুযোগ সৃষ্টি /দ্বার উম্মোচিত হয়েছে। তবে প্রল্পের আওতায় স্থাপিত বিভিন্ন স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা এবং বনায়ন সংরক্ষণের জন্য স্থায়ী কোন ওয়েআউট পরিকল্পনা বিবেচ্য প্রকল্পে রাখা হয়নি। স্থায়ী ব্যবস্থাপনা না থাকলে প্রকল্প থেকে দীর্ঘমেয়াদী সুফল লাভের সম্ভবনা কম।
২১.২।	প্রকল্পের আওতায় দেশের ৩৫ টি গুরুত্বপূর্ণ স্থানে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জীববৈচিত্রের উন্নয়ন এবং পর্যটনের বিকাশের লক্ষ্যে উল্লিখিত কার্যক্রম মন্ত্রণালয়ের রাজস্ব বাজেট বা অন্য কোন প্রকল্পের আওতায় সম্ভাবনা পূর্ণ বাংলাদেশের অন্যান্য অঞ্চলেও অনুরুপ গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ ৪);
২১.৩।	প্রকল্পটির মূল অনুমোদিত ব্যয় ৪৮০৪.৭৫ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদকাল জুলাই ২০১১ হতে জুন ২০১৪ পর্যন্ত। প্রকল্পটি দুই বার সংশোধনের ফলে প্রকল্প ব্যয় বেড়ে দাঁড়িয়েছে ৫৭৬১.৪০ লক্ষ টাকা এবং সমাপ্তির জন্য মেয়াদ নির্ধারিত হয়েছে ২০১১ হতে জুন ২০১৬ পর্যন্ত। । অর্থাৎ মুল অনুমোদিত ব্যয় ও মেয়াদের তুলনায় প্রকল্পের ব্যয় (২০.০০%) ও মেয়াদ (৬৬.৬৭%) উভয়ই বৃদ্ধি পেয়েছে। প্রকল্প প্রণয়নে ও বাস্তবায়নে দূর দৃষ্টির অভাব ছিল মর্মে প্রতীয়মান হয়। প্রকল্প প্রণয়নকালে যথাযথভাবে ডিজাইন এবং সে অনুযায়ী প্রাক্কলন করা হলে প্রকল্পটি বার বার সংশোধনের প্রয়োজন হতনা (অনুচ্ছেদ – ০৭, ০৯);
২১.৪।	প্রকল্পের পাঁচ বছর মেয়াদে বন অধিদপ্তরের একজন বন সংরক্ষক তিনজন উপপ্রধান বন সংরক্ষক নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। ঘন ঘন প্রকল্প পরিচালকের পরিবর্তন এবং পূর্ণকালীন না হয়ে অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করায় প্রকল্পের নিরবছিন্ন বাস্তবায়ন বিঘ্নিত হয়েছে বলা যেতে পারে (অনুচ্ছেদ -১৪);
২১.৫।	প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের অনুকূলে নিয়োগকৃত পেশাগত ও কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ জনবল প্রকল্প ব্যবস্থাপনায় দক্ষতা অর্জন করেছে। অথচ, প্রকল্প সমাপ্তির পর তাদের আত্মীকরণ না হওয়ায় কিংবা পার্কগুলি বিশেষতঃ নতুনভাবে সৃষ্ট কাদিগড় বীট, মহামায়া ইকোপার্ক) চালু রাখার জন্য বন অধিদপ্তরের রাজস্ব খাতে পর্যাপ্ত জনবলের সংকট থাকায় পার্কগুলির যথাযথ

	ব্যবস্থাপনা বিঘ্নিত হচ্ছে। এ প্রসংগে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ জানান যে, প্রকল্পের নিয়োগকৃত ১১০ জন জনবলের রাজস্ব বাজেটে স্থানান্তরের প্রস্তাব জন প্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়ে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। সুতরাং পার্কগুলির সুষ্ঠ ব্যবস্থাপনার জন্য ইতোপূর্বে প্রকল্পে নিয়োজিত কারিগরি জ্ঞান ও অভিজ্ঞতা সম্পন্ন জনবলের রাজস্ব বাজেটে স্থানান্তর কিংবা সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ জনবলকে নতুনভাবে পার্কের স্থায়ী জনবল হিসাবে নিয়োগ দান করা যেতে পারে (অনুচ্ছেদ - ১৭);
২১.৬।	পিসিআর এ সন্নিবেশিত তথ্য ও প্রকল্প পরিচালকের নিকট হতে জানা যায় প্রকল্পের internal বা External কোন অডিটই সম্পন্ন করা হয়নি; যা প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ ব্যত্যয়। অডিটের মাধ্যমে প্রকল্পের অর্থ ব্যয়ের একটি স্বচ্ছ চিত্র পাওয়া যায় (অনুচ্ছেদ – ২০);
২১.৭।	প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে বিভিন্ন ইকোপার্কগুলিতে প্রাকৃতিক ডিজাইনের বসার বসার বেঞ্চ নির্মাণের কথা থাকলেও শুধুমাত্র মহামায়া ইকোপার্ক (কাদিগড়, ভালুকা, ময়মনসিংহ) ব্যতীত অন্যকোন ইকোপার্কে প্রাকৃতিক ডিজাইনের বসার বেঞ্চ দেখা যায়নি (অনুচ্ছেদ – ১৮.১, ১৮.২, ১৮.৪);
২১.৮।	বিভিন্ন ইকোপার্কগুলিতে যতসংখ্যক গোলাপের চারা, শোভাবর্ধনকারী গাছের চারা, ঔষধী, বিরল ও বিপন্ন প্রজাতির চারা রোপনের তথ্যাদি প্রতিবেদনে উল্লেখ থাকলেও বাস্তবে পরিদর্শনকালে রোপনকৃত চারার সংখ্যা পর্যাপ্ত সংখ্যক নয় মর্মে বাহ্যিক দৃষ্টিতে প্রতীয়মান হয়েছে। তাছাড়া, বিভিন্ন গাছের চারা বিশেষত; গোলাপ ফুলের বাগান কোথাও মানসম্মত মনে হয়নি (অনুচ্ছেদ – ১৮.১, ১৮.২, ১৮.৩, ১৮.৪);
২১.৯।	পর্যবেক্ষণকৃত ৮-টি ইকোপার্কে নির্মিত পিকনিক স্পট, ইকোকটেজসহ অন্যান্য স্থাপনাগুলিতে বিদ্যুৎ সংযোগ এবং আসবাবপত্র দ্বারা সজ্জিত না থাকার ফলে স্থাপনা সমূহ অব্যবহৃত রয়েছে। ফলে, একদিকে সরকার যেমন রাজস্ব হারাচ্ছে তেমনি জনগণ স্থাপনা সমূহ ব্যবহারের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে (অনুচ্ছেদ – ১৮.১ - ১৮.৮);
২১.১০।	মহামায়া (মিরেরসরাই ,চট্টগ্রাম) ইকোপার্কের পাহাড়ের চূড়ায় নির্মিত ইকো কটেজ এবং পিকনিক স্পটে পাহাড়ের ঢাল বেয়ে উঠার জন্য রেলিং বিহীন সিড়ি নির্মাণ করার ফলে সিড়ি বেয়ে উপরে উঠা নামার ক্ষেত্রে পড়ে যাওয়ার ঝুকি/ আশংকা রয়েছে। এছাড়া এ পার্কের অভ্যন্তরে গাড়ী চলাচলের জন্য নির্মিত রা্স্তার উভয় পাশে স্তুপিকৃত মাটি বর্ষাকালে বৃষ্টির পানিতে রাস্তায় গড়িয়ে পড়ে রাস্তা ব্যবহারের অসুবিধা সৃষ্টি করতে পারে (অনুচ্ছেদ – ১৮.৫);
২১.১১।	মিরপুর জাতীয় উদ্যানের আরসিসি বসার বেঞ্চগুলি ২০১৩ -১৪ অর্থবছরে নির্মিত হলেও অনেক পুরাতন বলে মনে হয়েছে এবং বাড়ইপাড়া ন্যাচার পার্কে নির্মিত আরসিসি বসার বেঞ্চগুলি ব্যবহেরে পূর্বেই কিছু কিছু স্থান ভেংগে গেছে । বেঞ্চসমূহ নির্মণে ব্যবহৃত উপকরণ সমূহ যথোপযুক্ত পরিমাণে হয়নি মর্মে প্রতীয়মান হয় (অনুচ্ছেদ – ১৮.১, ১৮.২);
২১.১২।	মিরপুর জাতীয় উদ্যানে ক্যাকটাস সংরক্ষণের জন্য নির্মিত ক্যাকটাস হাউসে ক্যাকটাস গাছের অত্যান্ত অস্বাস্থ্যকর ও অপ্রতুল মর্মে প্রতীয়মান হয়েছে এবং ভাওয়াল জাতীয় উদ্যানে নির্মিত অর্কিড হাউসে কোন অর্কেড গাছ দেখা যায়নি (অনুচ্ছেদ – ১৮.১, ১৮.৪);
২১.১৩।	মিরেসরাই রেঞ্জ অফিসের সামনে নির্মিত আরসিসি রাস্তার উভয় পাশের সোল্ডারে পর্যাপ্ত মাটি ভরাট না থাকায় বৃষ্টি/বর্ষায় রাস্তার সোল্ডার থেকে মাটি সরে গিয়ে আরসিসি রাস্তা ক্ষতিগ্রস্ত হবার আশংকা রয়েছে (অনুচ্ছেদ – ১৮.৫);
২১.১৪।	কক্সবাজার উত্তর বনবিভাগের আওতাধীন ফুলছড়ি রেঞ্জে নির্মিত পিকনিক স্পটের ফ্লোর কার্পেটিং, দরজা জানালা লাগানো, বাথরুমের ফিটিং, ওয়াল বার্নিস ইত্যাদি কাজ অসমাপ্ত রেখেই কাজের সমাপ্তি ঘোষণা করা হয়েছে। এ বিভাগের রেঞ্জ অফিসের সামনে গাইড ওয়ালও নির্মাণের ফলে রেঞ্জ অফিস ঝুঁকিমুক্ত হয়েছে বলে প্রতীয়মান হয়না (অনুচ্ছেদ – ১৮.৭);
২১.১৫।	কক্সবাজারের দারিয়ানগর পার্কে স্থাপিত শিশুদের জন্য খেলনা সমূহ অত্যান্ত পুরাতন মনে ও নিম্নমানের বলে প্রতীয়মান হয়েছে। পার্কটিকে পর্যটকদের ন কট আকর্ষণীয় পার্কে ফুল বা শোভাবর্ধনকারী গাছের চারা রোপন বা অন্য কোন কার্যক্রম এ

	গ্রহণ কোন গ্রহণ করা হয় নাই (অনুচ্ছেদ – ১৮.৮);
২১.১৬।	কাদিগড় জাতীয় উদ্যানের মধ্যে প্রায় ১০০ একর ব্যক্তি মালিকানা ভুমি (বাইত) রয়েছে এবং ৫টি পরিবার তাদের ব্যক্তি মালিকানাধীন বাড়িতে বসবাস করছে ; যারা বনকেন্দ্রিক জীবিকা নির্বাহ করে থাকে। এ জাতীয় কার্যক্রম উদ্যানের জীববৈচিত্রের জন্য হুমকি স্বরুপ (অনুচ্ছেদ – ১৮.৩);
২১.১৭।	বাড়ইপাড়া ন্যাচার পার্কের এক পাশে খুবই সামান্য গাছ-পালা থাকা; চারপাশ দিয়ে সীমানা প্রাচীর না থাকায় (যৎ সামান্য রয়েছে) পার্কের মধ্য দিয়ে অতিক্রমকারী পাবলিক রাস্তা দিয়ে সাধারণ মানুষ ও পাবলিক যানবাহনের অবাধ চলাচল ; পার্ক সীমানার সন্নিকটে বিদ্যমান ব্যক্তিমালিকানাধীন দোকানগুলিতে সাধারণ জনগণের সমাগম পার্কের ইকোলজিক্যাল বৈশিষ্টের সাথে সাংঘর্ষিক। এর ফলে ফলে পার্কের জীব-বৈচিত্র্য বিঘ্নিত হবার আশংকা রয়েছে মর্মে প্রতীয়মান হয় (অনুচ্ছেদ – ১৮.২);
২১.১৮।	কক্সবাজারের হিমছড়ি রেঞ্জের ঝর্ণার অতিরিক্ত পানি গড়িয়ে পড়ার জন্য সিড়ির নীচ থেকে মাটি সরে গিয়ে সিড়ি ভেংগে পড়ার ঝুঁকিতে রয়েছ। সিড়িটির স্থায়িত্ব দীর্ঘস্থায়ী করার জন্য সিড়ির নীচে আরও কয়েকটি সিড়ির স্তর/ধাপ নির্মাণ কিংবা শক্ত মাটি বা পাথর জাতীয় পদার্থ দ্বারা ভরাট করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয় (অনুচ্ছেদ – ১৮.৮);
২২। **আইএমইডি'র মতামত:**	
২২.১।	বাংলাদেশের প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষা, জীব-বৈচিত্র সংরক্ষণ এবং পর্যটন সুবিধা বিকাশের লক্ষ্যে প্রকল্পের আওতায় স্থাপিত বিভিন্ন ইকোপার্ক এবং স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণ ও সুষ্ঠ ব্যবস্থাপনার একটি স্থায়ী ওয়ে-আউট পরিকল্পনা করা প্রয়োজন (অনুচ্ছেদ - ২১.১);
২২.২।	দেশের পরিবেশের ভারসাম্য রক্ষা, জীববৈচিত্রের সংরক্ষণ ও উন্নয়ন এবং পর্যটন সুবিধা বিকাশের লক্ষ্যে বাংলাদেশের অন্যান্য অঞ্চলেও বেসরকারী খাতে কিংবা পিপিপি-এর আওতায়ও অনুরুপ ইকোপার্ক স্থাপনের উদ্যোগ নেয়া যেতে পারে (অনুচ্ছেদ ৪, ২১.২);
২২.৩।	প্রকল্পের আওতায় সৃষ্ট কাদিগড় জাতীয় উদ্যান ও মহামায়া ইকোপার্কসহ অন্যান্য ইকোপার্ক ও ইকোপার্কে নির্মিত স্থাপনাসমূহের সুষ্ঠ ব্যবস্থাপনার জন্য ইতোপূর্বে প্রকল্পে নিয়োজিত কারিগরি জ্ঞান ও অভিজ্ঞতা সম্পন্ন জনবলের রাজস্ব বাজেটে স্থানান্তর কিংবা সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ জনবলকে নতুনভাবে পার্কের স্থায়ী জনবল হিসাবে নিয়োগ দান করা যেতে পারে (অনুচ্ছেদ - ১৭);
২২.৪।	প্রশাসনিক মন্ত্রণালয় প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ভবিষ্যতে নির্ধারিত সময় ও অনুমোদিত ব্যয়ে প্রকল্পের সকল অংগের বাস্তবায়ন সমাপ্তির জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে (অনুচ্ছেদ – ০৭, ০৯, ২১.৩);
২২.৫।	প্রকল্পের নিরবছিন্ন বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালনকারী খন্ডকালীন প্রকল্প পরিচালকদের ঘন ঘন পরিবর্তন রোধকল্পে প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত পরিকল্পনা কমিশনের সর্বশেষ নীতিমালা অনুসরণ করতে হবে (অনুচ্ছেদ -১৪);
২২.৬।	প্রকল্পের internal ও external অডিট দ্রুত সম্পন্ন করতে হবে এবং কোন আপত্তি বা পর্যবেক্ষোন থাকলে তা নিস্পত্তিপূর্বক প্রতিবেদন আইএমই বিভাগে প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ – ২০, ২১.৬);
২২.৭।	ইকোপার্কগুলিতে অপ্রাকৃতিক ডিজাইনে নির্মিত বসার বেঞ্চগুলি প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রাকৃতিক ডিজাইন নির্মাণ করতে হবে (অনুচ্ছেদ – ১৮.১, ১৮.২, ১৮.৪, ২১.৭);

২২.৮।	বিভিন্ন ইকোপার্কগুলিতে নিদৃষ্ট সংখ্যক গোলাপের চারা, শোভাবর্ধনকারী গাছের চারা, বিরল, বিপন্ন ও ঔষধী গাছের চারা রোপন করতে হবে (অনুচ্ছেদ – ১৮.১ - ১৮.৮, ২১.০৮);
২২.৯।	ইকোপার্কগুলিতে নির্মিত পিকনিক স্পট, ইকোকটেজসহ অন্যান্য স্থাপনাগুলিতে বিদ্যুৎ সংযোগ এবং আসবাবপত্র দ্বারা সজ্জিত করে লিজ প্রদানের ব্যবস্থা করতে হব (অনুচ্ছেদ – ১৮.১ - ১৮.৮, ২১.০৯);
২২.১০।	মহামায়া (মিরেরসরাই ,চট্টগ্রাম) ইকোপার্কের পাহাড়ের চূড়ায় নির্মিত ইকো কটেজ এবং পিকনিক স্পটে উঠার জন্য নির্মিত রেলিং বিহীন সিড়িতে রেলিং স্থাপন করতে হবে এবং পার্কের অভ্যন্তরে গাড়ী চলাচলের রাস্তার উভয় পাশে স্তুপিকৃত মাটি অপসারণ করতে হবে (অনুচ্ছেদ – ১৮.৫, ২১.১০);
২২.১১।	মিরপুর জাতীয় উদ্যান, বাড়ইপাড়া ন্যাচার পার্কসহ অন্যন্য পার্ক গুলিতে নির্মিত আরসিসি বসার বেঞ্চগুলির গুনগত মান পরীক্ষাপূর্বক পূনঃ নির্মাণের ব্যবস্থা করতে হবে (অনুচ্ছেদ – ১৮.১, ১৮.২, ২১.১১);
২২.১২।	মিরপুর জাতীয় উদ্যানে নির্মিত ক্যাকটাস হাউসে প্রয়োজনীয় ক্যাকটাস গাছ এবং ভাওয়াল জাতীয় উদ্যানে নির্মিত অর্কিড হাউসে পর্যাপ্ত অর্কিড গাছের ব্যবস্থা করতে হবে (অনুচ্ছেদ – ১৮.১, ১৮.৪, ২১.১২);
২২.১৩।	মিরেসরাই রেঞ্জ অফিসের সামনে নির্মিত আরসিসি রাস্তার উভয় পাশের সোল্ডারে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ – ১৮.৫, ২১.১৩);
২২.১৪।	কক্সবাজার উত্তর বনবিভাগের আওতায় ফুলছড়ি রেঞ্জে নির্মাণাধীন পিকনিক স্পটের অসম্পূর্ণ কাজ সম্পন্ন করতে হবে (অনুচ্ছেদ – ১৮.৭, ২১.৪);
২২.১৫।	কক্সবাজারের দারিয়ানগর পার্কটি পর্যটকদের নিকট আকর্ষণীয় করে তুলতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ - ১৮.৮, ২১.৫);
২২.১৬।	প্রকল্পের আওতায় নির্মিত ইকোপার্কগুলি জনগণের নিকট সুপরিচিত করার লক্ষ্যে বিভিন্ন প্রচারণামূলক কার্যক্রম করতে হবে (অনুচ্ছেদ – ১৮.২, ১৮.৫);
২২.১৭।	কাদিগড় জাতীয় উদ্যানের মধ্যে বিদ্যমান ১০০ একর ব্যক্তি মালিকানা ভুমি বন বিভাগের আওতাভূক্ত করা এবং জাতীয় উদ্যানে বসবাসকারী পরিবারগুলোকে অন্যত্র স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ – ১৮.৩, ২১.১৬);
২২.১৮।	বাড়ইপাড়া ন্যাচার পার্কের ই কোলজিক্যাল বৈশিষ্ট ধরে রাখা , জীব-বৈচিত্র্য সংরক্ষণ এবং পার্কে পর্যটকদের আকর্ষণ বৃদ্ধির লক্ষ্যে আরও গাছ-পালা রোপন, চারপাশ দিয়ে সীমানা প্রাচীর নির্মাণ , পার্কের মধ্য দিয়ে পাবলিক যানবাহণ ও জনগণের অবাধ চলাচল সীমিত করণ এবং পার্ক সীমানার সন্নিকটে বিদ্যমান ব্যক্তি মালিকানাধীন দোকানগুলি স্থানান্তরের প্রয়োজনীয় কার্যক্রম করতে হবে (অনুচ্ছেদ – ১৮.২, ২১. ১৭);
২২.১৯।	কক্সবাজারের হিমছড়ি রেঞ্জের ঝর্ণার অতিরিক্ত পানি গড়িয়ে পড়ার জন্য নির্মিত সিড়িটির স্থায়িত্ব দীর্ঘস্থায়ী বা টেকসই করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ – ১৮.৮, ২১.১৮); এবং
২২.২০।	অনুচ্ছেদ ২২.১ থেকে ২২.১৯ -এর আলোকে গৃহীত কার্যক্রম প্রশাসনিক মন্ত্রণালয় আগামী ০২ মাসের মধ্যে আইএমিডিকে অবহিত করবে।

পরিশিষ্ট ১: প্রকল্পের অঙ্গ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

ইকোনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৬পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৪৫০০	কর্মকর্তাদের বেতন	৪৫	৪৫	১৭৯.৮৪	৪৫	১৭৬.১৩১		৯৭.৯৩
৪৬০০	কর্মচারীদের বেতন	৬৫	৬৫	১০১.৯২	৬৫	৯৭.৪৮০		৯৫.৬৪
৪৭০০	ভাতাদি	১১০	১১০	২০৮.৯৪	১১০	২০৮.৪৭২		১০০
	মোট (বেতন ও ভাতাদি)			৪৯০.৭০		৪৮২.০৮৩		৯৮.২৪
৪৮০০	সরবরাহ ও সেবা							
৪৮০১	ভ্রমণ ব্যয়	থোক	থোক	৩২.০০	থোক	৩০.৪৭৫	থোক	৯৫.২৩
৪৮১৬	টেলিফোন/ইন্টারনেট/মোবাইল ফোন বিল	থোক	থোক	০.৭৫	থোক	০.৭০৭	থোক	৯৪.৩০
৪৮১৮	রেজিষ্ট্রেশন ফি	থোক	থোক	৯.১১	থোক	৫.৬০৭	থোক	৬১.৫৫
৪৮২১	বিদ্যুৎ বিল	থোক	থোক	৬.০০	থোক	৫.৮৯৩	থোক	৯৮.২১
৪৮২২	সিএনজি গ্যাস	থোক	থোক	১৫.০০	থোক	১৪.৩৩১	থোক	৯৫.৫৪
৪৮২৩	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	থোক	৪০.০০	থোক	৩৯.১৬০	থোক	৯৭.৯০
৪৮২৭	ছাপা ও প্রকাশনা	থোক	থোক	২০.৪৮	থোক	২০.৪৭০	থোক	১০০
৪৮২৮	ষ্টেশনারী, কাগজ, সীল, ষ্ট্যাম্প ইত্যাদি	থোক	থোক	২০.০০	থোক	১৯.৭৫০	থোক	৯৮.৭৫
৪৮৩১	বই ও মানচিত্র (নির্দেশিকা ও পুস্তিকা)	থোক	থোক	৩.০০	থোক	৩.০০০	থোক	১০০
৪৮৩৩	জীববৈচিত্র্য সংরক্ষণে ডকুমেন্টরী/স্বল্প দৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ	থোক	থোক	৯.০০	থোক	৭.৯৯৫	থোক	৮৮.৮৩
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক	থোক	২৬.৪২	থোক	২৫.৪০৫	থোক	৯৬.৬
৪৮৩৩	অনুষ্ঠান ও উৎসবাদি, র‍্যালী, বৃক্ষমেলা, বন্যপ্রাণী মেলা, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন	থোক	থোক	৯.৮১	থোক	৯.৮০৯	থোক	১০০
৪৮৩৬	ইউনিফর্ম	থোক	থোক	৪.০০	থোক	৩.৯৯৮	থোক	১০০
৪৮৪০	স্থানীয় প্রশিক্ষণ (স্বল্প মেয়াদী)	থোক	থোক	৯.৯১	থোক	৯.৯১০	থোক	১০০
৪৮৪০	স্থানীয় প্রশিক্ষণ (দীর্ঘ মেয়াদী)						থোক	
৪৮৪২	অভিলক্ষ্য জনগোষ্ঠীর জন্য সচেতনতামূলক কর্মশালা আয়োজন (সুন্দরবনের আশেপাশে ভিলেজ টাইগার রেসপন্স টীম, উপকূলীয় অঞ্চলে সমুদ্রগামী জেলে, জাতিতাত্ত্বীক গ্রুপ, সাপুড়ে,খাচায় বন্দীপাখি বিক্রেতা,প্রবাল ও শামুক ঝিনুকের দোকানদার,হনুমান ও বানর পালক ইত্যাদি)	সংখ্যা	সংখ্যা	৫.০০	৪০০	৪.৯৯৮	থোক	১০০
৪৮৪২	সেমিনার, ওয়ার্কশপ, কনফারেন্স, শিক্ষাসফর ইত্যাদি	থোক	থোক	৭.৯৬	থোক	৪.০১৮	থোক	৫০.৪৮
৪৮৪৬	বন্যপ্রাণীর পরিবহন ও হ্যান্ডেলিং	থোক	থোক	১০.০০	থোক	৯.৯৮৪	থোক	১০০

ইকোনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৬পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৪৮৪৯	বন্যপ্রাণী দ্বারা **আক্রান্তদের** চিকিৎসা সেবা						থোক	
৪৮৫১	অনিয়মিত শ্রমিক	থোক	থোক	৮.০০	থোক	৭.৭৪৭	থোক	৯৬.৮৪
৪৮৬৪	বন্যপ্রাণীর খাদ্য সরবরাহ	থোক	থোক	৬০.০০	থোক	৫৭.৭৬৯	থোক	৯৬.২৮
৪৮৭১	বিছানা, বিছানার চাদর, মশারী, জাজিম, বালিশ, দরজা জানালার পর্দা ইত্যাদি ক্রয়	থোক	থোক	৮.০০	থোক	৮.০০০	থোক	১০০
৪৮৭৪	পরামর্শক সেবা (নকশা মূল্যানুমান ও তদারকি	থোক	থোক	৪৪.৫০	থোক	৪৩.৩৪২	থোক	৯৭.৪০
৪৮৮২	আইনী সহায়তা	থোক	থোক	২.০০	থোক	১.৯৬০	থোক	৯৮
৪৮৮৩	সম্মানী ভাতা (প্রশিৰণ, সভা ও সেমিনারের জন্য)	থোক	থোক	১১.৯৮	থোক	৯.০৭৫	থোক	৭৫.৭৫
৪৮৮৩	মধ্যবর্তী মূল্যায়ন	থোক	থোক	৩.০০			থোক	
৪৮৮৬	সুন্দরবনের বাঘ শুমারী						থোক	
৪৮৮৬	রক্ষিত এলাকা,উদ্ভিদ উদ্যান, ইকোপার্ক ইত্যাদিতে জীববৈচিত্র্য জরীপ	থোক	থোক	১৪.৬০	থোক	১৪.৬০০	থোক	১০০
৪৮৮৮	কম্পিউটার সামগ্রী	থোক	থোক	৩.০০	থোক	২.৯৯৮	থোক	১০০
৪৮৯১	টাইগার রেসপন্স টীমকে সহায়তা দান						থোক	
৪৮৯১	কমিউনিটি পেট্রোল গ্রম্নপকে সহায়তা দান	থোক	থোক	১০.০০	থোক	৯.৯৯৭	থোক	১০০
৪৮৯১	এলিফ্যান্ট রেসপন্স টীমকে সহায়তা দান	থোক	থোক	৫.০০	থোক	৪.৯৯৩	থোক	১০০
	উপমোট (সরবরাহ ও সেবা)			৩৯৮.৫২		৩৭৫.৯৮৮	থোক	৯৪.৩৫
৪৯০০	মেরামত, **সংরক্ষণ** ও পূর্ণবাসন						থোক	
৪৯০১	মোটর যান	থোক	থোক	৭.৫০	থোক	৭.৫০০	থোক	১০০
৪৯০৬	আসবাবপত্র (জানালার পর্দাসহ)						থোক	১০০
৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	থোক	থোক	২.০০	থোক	২.০০০	থোক	১০০
৪৯১৬	যন্ত্রপাতি ও সরঞ্জাম	থোক	থোক	৩.০০	থোক	২.৯৯৫	থোক	১০০
৪৯৩১	বিশ্রামাগার রৰণাবেৰণ	থোক	থোক	৫.৫০	থোক	৫.৫০০	থোক	১০০
৪৯২১	অফিস ভবন (বন সংরৰক, বিভাগীয় বন কর্মকর্তা, রেঞ্জ কর্মকর্তা, বিট কর্মকর্তার ক্যাম্প অফিস ইত্যাদি)	থোক	থোক	৮.০০	থোক	৭.৯৯৯	থোক	১০০
৪৯২৬	ডরমেটরী/ব্যারাক (বিভাগীয় বন কর্মকর্তা, সহকারী বন সংরৰক, রেঞ্জ কর্মকর্তা ও বিট কর্মকর্তা)	থোক	থোক	৮.০০	থোক	৮.০০০	থোক	১০০
৪৯৩১	অন্যান্য ভবন ও অবকাঠামো (কটেজ, পিকনিক শেড, বিশ্রামাগার পুর্নগঠন	থোক	থোক	২৫.০০	থোক	২৪.৯৯৭	থোক	১০০
৪৯৩৬	রাস্ৰা ও কালভার্ট	থোক	থোক	৫.০০	থোক	৪.৯৯৭	থোক	১০০
৪৯৪৭	নর্দমা অবকাঠামো	থোক	থোক	২.০০	থোক	২.০০০	থোক	১০০
৪৯৫১	পানি সরবরাহ লাইন	থোক	থোক	১০.০০	থোক	৯.৯৯২	থোক	১০০

ইকোনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৬পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৪৯৫৮	তার ও সংযোগ	থোক	থোক	৫.০০	থোক	৫.০০০	থোক	১০০
৪৯৬১	বিদ্যুৎ সরবরাহ অবকাঠামো	থোক	থোক	৫.০০	থোক	৪.৯৭৭	থোক	১০০
৪৯৭৬	জলযান	থোক	থোক	১৬.০০	থোক	১৫.৯৭৩	থোক	১০০
৪৯৯১	পর্যটন ও ইকোট্যুরিজম এলাকার ক্ষতিগ্রস্থ পাকা রাস্ৱা মেরামত	থোক	থোক	২৫.০০	থোক	২৫.০০০	থোক	১০০
	উপমোট (মেরামত, **সংরক্ষণ** ও পূর্ণবাসন)			১২৭.০০		১২৬.৯৩১		১০০
	মোট রাজস্ব			১০১৬.২২		৯৮৫.০০২		৯৬.৯৩
	মূলধন খাত							
৬৮০০	সম্পদ সংগ্রহ ও ক্রয়							
	যানবাহন							
৬৮০৭	জীপ (ফোর হুইলার)	১	১	৫৮.৫০	১	৫৮.৫০০	১০০	১০০
৬৮০৭	পিক আপ (ডাবল কেবিন ফোর হুইলার)	১	১	৪৫.৭৫	১	৪৫.৭৫০	১০০	১০০
৬৮০৭	পিক আপ (ফোর হুইলার)	২	২	৫৭.২০	২	৫৭.২০০	১০০	১০০
৬৮০৭	মাইক্রোবাস	১	১	৩৬.৩৮	১	৩৬.৩৮০	১০০	১০০
৬৮০৭	মোটরসাইকেল	২৫	২৫	৩৫.০০	২৫	৩৫.০০০	১০০	১০০
৬৮৫১	বাইসাইকেল	১৫০	১৫০	১২.৩০	১৫০	১২.২৮৩	১০০	১০০
	জলযান						১০০	
৬৮০৯	অবস্থানসুবিধা সম্পন্ন লঞ্চ (দৈর্ঘ্য ১৩.৫ মি.,প্রস্থ ২.৬ মি. গভীরতা ১.৫ মি.)	১	১	৩৪.৮৫	১	৩৪.৮৫০	১০০	১০০
৬৮০৯	পেট্রোল চালিত কাঠের নৌকা(ডেনিস টাইপ) (দৈর্ঘ্য ৯.৬মি.,প্রস্থ ২.৬ মি. গভীরতা ১.০ মি.)	৪	৪	২৭.২৩	৪	২৭.২৩৩	১০০	১০০
৬৮০৯	প্রেট্রোল চালিত নৌকা (টাইগার রেসপন্স টীমের জন্য)	৫	৫	২৯.৫৩	৫	২৯.৫৩২	১০০	১০০
৬৮০৯	কেবিন ক্রুজার	১	১	১৭.৯২	১	১৭.৯২০	১০০	১০০
৬৮০৯	স্পীডবোট	২	২	১৫.৯৫	২	১৫.৯৫০	১০০	১০০
৬৮০৯	সমুদ্রগামী ট্রলার	১	১	৩৮.৫০	১	৩৮.৫০০	১০০	১০০
৬৮০৯	ইঞ্জিনযুক্ত দেশীয় নৌকা	১০	১০	১৯.৯৮	১০	১৯.৯৮২	১০০	১০০
	উপমোট (যানবাহন)			৪২৯.১০		৪২৯.০৭৯	১০০	১০০
	যন্ত্রপাতি							
৬৮১২	ডিজিটাল ভিডিও ক্যামেরা	১	১	০.৯৯০	১	০.৯৯০	১০০	১০০
৬৮১২	ডিজিটাল স্টিল ক্যামেরা	৪	৪	১.৯৬০	৪	১.৯৬০	১০০	১০০
৬৮১২	ইনফ্রা-রেড ক্যামেরা	১০	১০	৪.০০০	১০	৪.০০০	১০০	১০০
৬৮১৩	টেলিফোন	৭	৭	০.১৮০	৭	০.১৭৫	১০০	১০০
৬৮১৩	বাইনোকুলার	২২	২২	৪.১১০	২২	৩.৮৯০	১০০	১০০
৬৮১২	তেপয়া স্ট্যান্ড	২	২	০.৫৮০	২	০.৫৮০	১০০	১০০
৬৮১৩	বন্যপ্রাণীর জন্য আধুনিক ফাঁদ, খাঁচা, জাল এবং হ্যান্ডেলিং সরঞ্জাম ইত্যাদি	থোক	থোক	৩.০০০	থোক	৩.০০০	১০০	১০০
৬৮১৩	রেফ্রিজারেটর (নরমাল)	৩	৩	০.৭৫০	৩	০.৭৫০	১০০	১০০

ইকোনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৬পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৬৮১৩	রেফ্রিজারেটর (ডীপ)	৫	৫	১.৫০০	৫	১.৫০০	১০০	১০০
৬৮১৩	চেতনানাশক বন্দুক (বস্নাস্ট, গ্যাস প্রজেক্টের ও ডার্ট)	৪	৪	১৭.৯৯	৪	১৭.৯৯২	১০০	১০০
৬৮১৩	ভেটেরীনারী যন্ত্রপাতি	থোক	থোক	১৬.০০০	থোক	১৫.৯৯৮	থোক	১০০
৬৮১৩	এয়ারকুলার (স্পীট টাইপ,২৪০০০বিটিইউ) (উন্নয়ন পরিকল্পনা ইউনিটের কম্পিউটার রম্নমের জন্য একটি)	১০	১০	৯.৯৮০	১০	৯.৮৫৪	১০০	১০০
৬৮১৩	লাইফবয়া ও লাইফ জ্যাকেট	থোক	থোক	১.৯৮০	থোক	১.৯৮০	থোক	১০০
৬৮১৩	সার্ভে সরঞ্জাম (কম্পাস,জিপিএস ইত্যাদি)	থোক	থোক	৪.৯৮৩৫	থোক	৪.৯৮৪	থোক	১০০
৬৮১৩	পানির ফিল্টার	থোক	থোক	০.৯৮০	থোক	০.৯৮০	থোক	১০০
৬৮১৩	পরিমাপ যন্ত্রপাতি (ডিজিটাল ক্যালিপাস,টেপ,স্পিং নিক্তি)	থোক	থোক	৪.০০০	থোক	৩.৯৯৫	থোক	১০০
৬৮১৩	বস্নার্ডফ্লু সনাক্তকরণ কীট							১০০
৬৮১৩	ক্রোকারিজ	থোক	থোক	৪.৭৫০	থোক	৪.৭৪৬	থোক	১০০
৬৮১৩	জি পি এস	২০	২০	৫.৫৮	২০	৫.৫৮	১০০	১০০
৬৮১৩	পশুর ডিজাইন সম্বলিত ডাস্টবিন	৬০	৬০	৩.০০০	৬০	৩.০০০	১০০	১০০
৬৮১৫	কম্পিউটার (২১" এল সিডি মনিটর, ডিভিডি, ৩জিবি র‍্যাম,ফোর আই ফাইভ প্রসেসর) লেজার প্রিন্টার, স্ক্যানার, ১২০০ভিএ ইউপিএস,লাইসেন্সকৃত এ্যান্টিভাইরাস এবং অন্যান্য আনুসাংঙ্গিক যন্ত্রপাতি	১৪	১৪	১৩.৩০০	১৪	১৩.২৬৯	১০০	১০০
৬৮১৯	ফটোকপিয়ার	১৪	১৪	২০.০০০	১৪	১৯.৫১০	১০০	১০০
৬৮১৯	সোলার প্যানেল	৩০	৩০	৭.৭৭০	৩০	৬.৩৬৩	১০০	১০০
৬৮১৯	আইপিএস (৫০০ ওয়াট)		৬	২.০৫০০	৬	২.০৫০	১০০	১০০
৬৮১৯	ডিজিটাল ফ্যাক্স মেশিন	৪	৪	১.২০০০	৪	১.১৯৯	১০০	১০০
৬৮০৯	সোয়ান বোট / প্যাডেল বোট						১০০	১০০
৬৮১৯	জেনারেটর	৪	৪	২.৩৯০	৪	২.৩৮৭	১০০	১০০
৬৮১৯	ব্রিফিং সেন্টারের জন্য ডিভিডি পেস্নয়ার সহ ৪২" এলসিডি কালার টিভি	২	২	২.৯৪০	২	২.৯৪০	১০০	১০০
৬৮১৯	লন মোয়ার	১০	১০	৫.০০০	১০	৪.৯৯০	১০০	১০০
৬৮১৯	স্ক্রিনসহ মাল্টি মিডিয়া প্রজেক্টর	৪	৪	৩.১৬০	৪	৩.১৬০	১০০	১০০
৬৮১৯	বেস্না পাইপ	২	২	৪.০০০	২	৩.৯৯৭	১০০	১০০
৬৮২১	ভিজিটর সেন্টার, পার্ক অফিস, যাদুঘর হাসপাতাল প্রভৃতির আভ্যন্ত্ররীন ডেকোরেশনের জন্য আসবাবপত্র (ফুল সেক্রেটারিয়েট টেবিল, হাফ সেক্রেটারিয়েট টেবিল, ডাইনিং টেবিল,সিংগেল খাট,ডাবল খাট, হাতল ওয়ালা ও হাতলছাড়া চেয়ার,সোফা ইত্যাদি)	থোক	থোক	১৯.০০০	থোক	১৮.৯৮২	১০০	১০০

অর্থনৈতিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৬পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৬৮২৫	টেলিফোন সেট, মোবাইল সেট, পি এ সেট, ইমেইল ও ইন্টারনেট সংযোগ	থোক	থোক	১.০০০	থোক	০.৯৬৯	১০০	১০০
৬৮২৭	ইলেক্ট্রিক কেটলি	থোক	থোক	০.০৮০	থোক	০.০৭৫	১০০	১০০
৬৮২৭	মাইক্রোওয়েভ ওভেন	২	২	০.৩৬০	২	০.৩৬০	১০০	১০০
	উপমোট যন্ত্রপাতি			১৬৮.৫৬		১৬৬.২১	১০০	১০০
	বনায়ন							
৬৮৪৫	হেক্টর প্রতি ২৫০০ চারার ফল, পশুখাদ্য ও মিশ্র বনায়ন (চারা উত্তোলন,স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	৪০০ হে:	৪০০ হে:	১৪০.০০	৪০০	১৩৯.৯২২	১০০	১০০
৬৮৪৫	ফল, পশুখাদ্য ও মিশ্র বনায়নের প্রথম বছরের রক্ষণাবেক্ষণ	৪০০ হে:	৪০০ হে:	৩০.০০	৪০০	৩০.০০০	১০০	১০০
৬৮৪৫	ফল, পশুখাদ্য ও মিশ্র বনায়নের দ্বিতীয় বর্ষ রক্ষণাবেক্ষণ	৪০০হে:	৪০০হে:	১৫.০০	৪০০	১৫.০০০	১০০	১০০
৬৮৪৫	হেক্টর প্রতি ৪৯৪ চারার বাঁশ বাগান উত্তোলন (চারা,স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	১০০হে:	১০০হে:	১৮.৫০	১০০	১৮.৫০০	১০০	১০০
৬৮৪৫	এক বছর বয়স্ক বাঁশ বাগান রক্ষণাবেক্ষণ	১০০হে:	১০০হে:	২.৫০	১০০	২.৫০০	১০০	১০০
৬৮৪৫	হেক্টর প্রতি ২৫০০ চারার বেত বাগান উত্তোলন (চারা,স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	১০০হে:	১০০হে:	৩০.০০	১০০	২৯.৯৯৬	১০০	১০০
৬৮৪৫	এক বছর বয়স্ক বেত বাগান রক্ষণাবেক্ষণ	১০০হে:	১০০হে:	৭.৫০	১০০	৭.৫০০	১০০	১০০
৬৮৪৫	দুই বছর বয়স্ক বেত বাগান রক্ষণাবেক্ষণ	১০০হে:	১০০হে:	৫.০০	১০০	৫.০০০	১০০	১০০
৬৮৪৫	বিরল ও বিপন্ন প্রজাতির বাগান উত্তোলন (চারা,স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	সংখ্যা	সংখ্যা	৪৬.৫০	১৫৫০০০	৪৬.৪৯৬	১০০	১০০
৬৮৪৫	এক বছর বয়স্ক বিরল ও বিপন্ন প্রজাতির বাগান রক্ষণাবেক্ষণ	সংখ্যা	সংখ্যা	১৪.০০	১৫৫০০০	১৪.০০০	১০০	১০০
৬৮৪৫	দুই বছর বয়স্ক বিরল ও বিপন্ন প্রজাতির বাগান রক্ষণাবেক্ষণ	সংখ্যা	সংখ্যা	১৫.০০	১৫৪০০	১৫.০০০	১০০	১০০
৬৮৪৫	শোভাবর্ধনকারী বাগান উত্তোলন (চারা, স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	সংখ্যা	সংখ্যা	৬২.০০	১৫৫০০০	৬১.৯৭৮	১০০	১০০
৬৮৪৫	প্রথম বর্ষ শোভাবর্ধনকারী বাগান রক্ষণাবেক্ষণ	সংখ্যা	সংখ্যা	২৩.২৫	১৫৫০০০	২৩.২১৩	১০০	১০০
৬৮৪৫	দ্বিতীয় বর্ষ শোভাবর্ধনকারী বাগান রক্ষণাবেক্ষণ	সংখ্যা	সংখ্যা	১৫.০০	১৫০০০০	১৪.৯০০	১০০	১০০

ইকনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৬পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৬৮৪৫	গোলাপ বাগান সৃজন (চারা,স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্ৰর্গত)	১২০০০	১২০০০	৩.৬০	১২০০০	৩.৬০০	১০০	১০০
৬৮৪৫	প্রথম বর্ষ গোলাপ বাগান রৰণাবেৰণ	১২০০০	১২০০০	২.৪০	১২০০০	২.৪০০	১০০	১০০
৬৮৪৫	দ্বিতীয় বর্ষ গোলাপ বাগান রৰণাবেৰণ	৭০০০	৭০০০	১.৪০	৭০০০	১.৪০০	১০০	১০০
৬৮৪৫	বিরলপ্রজাতির অর্কিড সংগ্রহ ও নার্সারি স্থাপন (চারা, স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	৪০০০	৪০০০	৪.০০	৪০০০	৪.০০০	১০০	১০০
৬৮৪৫	প্রথম বর্ষ অর্কিড রক্ষণাবেক্ষণ			০.৮০	৪০০০	০.৮০০	১০০	১০০
৬৮৪৫	দ্বিতীয় বর্ষ অর্কিড রক্ষণাবেক্ষণ	৪০০০	৪০০০	০.৮০	৪০০০	০.৮০০	১০০	১০০
৬৮৪৫	তৃতীয় বর্ষ অর্কিড রক্ষণাবেক্ষণ	১৫৪০	১৫৪০	০.৩১	১৫৪০	০.৩০৮	১০০	১০০
৬৮৪৫	অর্কিড হাউজ রৰণাবেৰণ	থোক	থোক	৩.০০	থোক	৩.০০০	১০০	১০০
৬৮৪৫	জীবন্ত বেড়ার বাগান সৃজন (চারা, স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	২২০০রা মি:	২২০০রা মি:	২.২০	২২০০	২.২০০	১০০	১০০
৬৮৪৫	প্রথম বর্ষ জীবন্ৰ বেড়ার বাগান রক্ষণাবেক্ষণ	২২০০রা মি:	২২০০রা মি:	০.৪৪	২২০০	০.৪৪০	১০০	১০০
৬৮৪৫	দ্বিতীয় বর্ষ জীবন্ত বেড়ার বাগান রক্ষণাবেক্ষণ	২২০০রা মি:	২২০০রা মি:	০.২৫	২২০০	০.২৫০	১০০	১০০
৬৮৪৫	হেক্টর প্রতি ২৫০০ চারার ঔষুধি বাগান উত্তোলন ((চারা,স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	১০০হে:	১০০হে:	৩০.০০	১০০	২৯.৯৯৯	১০০	১০০
৬৮৪৫	প্রথম বর্ষ ঔষুধি বাগান রক্ষণাবেক্ষণ	৯৫হে:	৯৫হে:	৭.০০	৯৫.০০	৬.৯৯৭	১০০	১০০
৬৮৪৫	দ্বিতীয় বর্ষ ঔষুধি বাগান রক্ষণাবেক্ষণ	৭৫হে:	৭৫হে:	৩.৭৫	৭৫	৩.৭৫০	১০০	১০০
৬৮৪৫	উদ্ভিদ উদ্যানের জন্য বিরল প্রজাতির চারা সংগ্রহ ও উত্তোলন (চারা, স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	১০০০	১০০০	২.০০	১০০০	২.০০০	১০০	১০০
৬৮৪৫	প্রথম বর্ষ উদ্ভিদ উদ্যানের জন্য বিরল প্রজাতির বাগান রৰণাবেৰণ	১০০০	১০০০	০.৩০	১০০০	০.৩০০	১০০	১০০
৬৮৪৫	উদ্ভিদ আরবোরেটামের জন্য বাঁশ, বেত ও মূর্তা বাগান উত্তোলন (চারা,স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	থোক	থোক	৩.০০	থোক	৩.০০০	১০০	১০০
৬৮৪৫	প্রথম বর্ষ আরবোরেটামে উত্তোলিত বাগান রক্ষণাবেক্ষণ	থোক	থোক	০.০৬	থোক	০.০৬০	১০০	১০০
৬৮৪৫	দ্বিতীয় বর্ষ আরবোরেটামে	থোক	থোক	০.৫০			১০০	১০০

ইকনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৬পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	উত্তোলিত বাগান রক্ষণাবেক্ষণ							
৬৮৪৫	বিদ্যমান গোলাপ বাগানের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ	থোক	থোক	৫.০০	থোক	৫.০০০	১০০	১০০
৬৮৪৫	হেক্টর প্রতি ৩০০০ চারার ঝাউ বাগান উত্তোলন (চারা,স্থান তৈরী, সার প্রয়োগ ও চারা রোপন ইত্যাদি খরচের অন্তর্গত)	৪০হে:	৪০হে:	১৬.০০	৪০	১৬.০০০	১০০	১০০
৬৮৪৫	প্রথম বর্ষ ঝাউ বাগান রৰণাবেৰণ	৪০হে:	৪০হে:	৩.০০	৪০	৩.০০০	১০০	১০০
৬৮৪৫	দ্বিতীয় বর্ষ ঝাউ বাগান রৰণাবেৰণ	৪০হে:	৪০হে:	২.০০	৪০	২.০০০	১০০	১০০
৬৮৪৫	ধ্বস ও ক্ষয়প্রাপ্ত পাহাড়ী এলাকায় বাগান উত্তোলন	৬০হে:	৬০হে:	১৮.০০	৬০	১৮.০০০	১০০	১০০
৬৮৪৫	প্রথম বর্ষ ধ্বস ও ক্ষয়প্রাপ্ত পাহাড়ী এলাকার বাগান রক্ষণাবেক্ষণ	৬০হে:	৬০হে:	৬.০০	৬০	৬.০০০	১০০	১০০
৬৮৪৫	দ্বিতীয় বর্ষ পাহাড়ী এলাকার বাগান রক্ষণাবেক্ষণ	৬০হে:	৬০হে:	৪.৫০	৬০	৪.৫০০	১০০	১০০
	উপমোট বনায়ন			৫৪৪.৫৫		৫৪৩.৮০৯	১০০	১০০
৭০০০	নির্মাণ ও পূর্ত কাজঃ							১০০
৭০০৬	পার্ক অফিস ভবন নির্মাণ (৫টি, প্রতিটি ১৫০ বঃ মিঃ)	৭৫০ব:মি:	৭৫০ব:মি:	১৮০.০০		৭৫০	১০০	১০০
৭০০৬	রেঞ্জ অফিস নির্মাণ (সিআই সিট ছাদযুক্ত, ৭টি, প্রতিটি ১২০ বঃ মিঃ)	৮৪০ব:মি:	৮৪০ব:মি:	১৩০.০০	৮৪০	১৩০.০০০	১০০	১০০
৭০০৬	বিট অফিস নির্মাণ	৮টি	১১টি	৮০.০০	৮	৬৯.৯৬১	৯০	৯০
৭০০৬	ক্যান্টিন ও ওয়াশরুম নির্মাণ	৮টি	৮টি	৪০.০০	৮	৩৯.৯৮৪	১০০	১০০
৭০০১	ভূমি উন্নয়ন	থোক	থোক	১০০.০০	থোক	৯৯.৭৯২	থোক	১০০
৭০১১	৪র্থ শ্রেণীর কর্মচারীদের ব্যারাক (৯টি, প্রতিটি ১২০ বঃ মিঃ সিআই সিট ছাদযুক্ত)	১৩২০ব:মি:	১৩২০ব:মি:	২০৪.৪৯	১৩২০	২০৪.১২০	থোক	১০০
৭০১৬	পর্যটক কেন্দ্র (৩টি, প্রতিটি ১৫০ বঃ মিঃ সিআইসিট ছাদযুক্ত)	৪৫০ব:মি:	৪৫০ব:মি:	৬৯.৭৫	৪৫০	৬৯.৬৪৯	১০০	১০০
৭০১৬	পুরাতন রেস্ট হাউজ সংস্কার	থোক	থোক	২৫.০০	থোক	২৪.৯৯৯	থোক	১০০
৭০১৬	বিশ্রামাগার (৩টি, দোতলা প্রতিটি ২০০ বঃ মিঃ)	৮০০ব:মি:	৮০০ব:মি:	১৯২.০০	৮০০	১৮৯.২৩৩		১০০
৭০১৬	সিসি রাস্তা নির্মাণ (১.৫ মি. প্রস্থ)	৬.৩১৬কি:মি:	৬.৩১৬কি:মি:	১১৩.৬৯	৬.৩১	১১৩.৫৩৪	১০০	১০০
৭০১৬	ওভারহেড ট্যাংক নির্মাণ (পাম্প ও পানি সরবরাহ লাইনসহ)	১০সেট	১০সেট	১২০.০০	৯	১০৬.৯২৭	৯০	৯০
৭০১৬	পানি সরবরাহ লাইন স্থাপন ফিটিং ফিক্সিংসহ	থোক	থোক	১২.০১	থোক	১১.৯৯৬	১০০	১০০
৭০১৬	স্যালো নলকূপ স্থাপন	৪০টি	৪০টি	৬.০০	৪০	৫.৯৯৯	১০০	১০০
৭০১৬	পাখি পর্যবেক্ষণ কেন্দ্র	৩টি	৩টি	৩০.০০	৩	২৯.৯৯৪	১০০	১০০
৭০১৬	গ্যারেজ নির্মাণ (আধাপাকা)	২০০ব:মি:	২০০ব:মি:	৩০.০০	২০০	২৯.৮৯১	১০০	১০০
৭০১৬	ইকো কটেজ/বিশ্রামাগার (আধাপাঁকা)	১৫০০ব:মি:	১৫০০ব:মি:	১৬০.০০	১৫০০	১৫৯.৬১৩	১০০	১০০
৭০১৬	পাবলিক টয়লেট (পুরুষ ও	৪০০ব:মি	৪০০ব:মি	৯৫.৯৮	৪০০.০০	৯৫.৭৪৩	১০০	১০০

অর্থনৈতিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৬পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	মহিলা)	:	ম:					
৭০১৬	সেন্ট্রি প্রোস্ট (২৫টি, প্রতিটি ২০ বঃ মিঃ)	২৫টি	২৫টি	৪৬.০০	২৫	৪৫.৯৩৮	১০০	১০০
৭০১৬	পার্কে প্রবেশ পথ মডেল ও ম্যুরালসহ	১৫টি	১৫টি	৭৪.৯৪	১৪	৬৯.৯২৭	১০০	৯৩.৩৩
৭০১৬	টিকিট কাউন্টার	১২টি	১২টি	১২.০০	১২	১২.০০০	১০০	১০০
৭০১৬	পশু খাদ্য খাওয়ানোর স্থান	৩৫টি	৩৫টি	৩.৫০	৩৫	৩.৪৯৭	১০০	১০০
৭০১৬	গাইড ওয়াল	থোক	থোক	৭৭.২৫	থোক	৭৭.২৩৯	থোক	১০০
৭০১৬	আরসিসি খুটিযুক্ত জেটি	৫০রা মি:	৫০রা মি:	১৫.০০	৫০	১৪.৯৮৯	১০০	১০০
৭০১৬	গোল ঘর (কাঠ, বাশ ও ছাউনী)	৪০টি	৪০টি	৮০.০০	৩৫	৬৯.৯২৬	৮৭.৫০	৮৭.৫০
৭০১৬	পর্যবেৰণ টাওয়ার	৯টি	৯টি	১৩৭.৭১	৭	১১৯.৯১৬	৭৭.৭৮	৭৭.৭৮
৭০১৬	বিশ্রাম, প্রসাধনী ও রান্না ঘরসহ পিকনিক স্পট	১৮টি	১৮টি	১৬৯.৫৭	১৫	১৪৯.৯৫৪	৮৩.৩৩	৮৩.৩৩
৭০১৬	কাঠের সেতু (৮ মি. দৈঘ্য, ২.৫ মি. প্রস্থ)	২টি	২টি	৯.৯৯	২	৯.৯৮৮	১০০	১০০
৭০১৬	সেতু (বড় দৈঘ্য ৮মি. প্রস্থ ২.৫ মি.)	২টি	২টি	৪১.৭৭	২	৪১.৬৯২	১০০	১০০
৭০১৬	কালভার্ট	৫টি	৫টি	১৫.০০	৫	১৪.৯৭০	১০০	১০০
৭০১৬	সীমানা প্রাচীর (২ মি. উচ্চতা)	৪৫০০রা মি:	৪৫০০রা মি:	৩১১.০০	৪৩৩৯	৩০৩.৭১১	৯৬.৪২	৯৭.৬৬
৭০১৬	সীমানা প্রাচীর (১.৫ মি. উচ্চতা হাফ গ্রাল)	৪০০০রা মি:	৪০০০রা মি:	২৩৯.৯৯	৩৯৩০.২৭	২৩৫.৮১৬	৯৮.২৫	৯৮.২৬
৭০১৬	পাহাড়ে চড়ার সিড়ি	৩০০রা মি:	৩০০রা মি:	১৫.০০	৩০০	১৫.০০০	১০০	১০০
৭০১৬	পায়ে হাটা পথ	৬.২কি:মি:	৬.২কি:মি:	৩৪.০৫	৬.২	৩৪.০৪৮	১০০	১০০
৭০১৬	আরসিসি ফ্রেমসহ রিটেইনিং ওয়াল	২০০রা মি:	২০০রা মি:	১৬.০০	২০০	১৬.০০০	১০০	১০০
৭০১৬	ঝড়না সংস্কার	১টি	১টি	৩০.০০	১	২৯.৯৭৭	১০০	১০০
৭০১৬	কাঠের তৈরী বসার বেঞ্চ	১০০টি	১০০টি	২.৫০	১০০	২.৫০০	১০০	১০০
৭০১৬	পাঁকা রোড (৩ মি. প্রস্থ)	৪.৬৬কি:মি:	৪.৬৬কি:মি:	২০৯.৭২	৪.২১	১৮৮.৮১০	১০০	৯০.০৩
৭০১৬	অর্কিড হাউজ	২টি	২টি	৩৫.০০	২	৩৫.০০০	১০০	১০০
৭০১৬	ক্যাকটাস হাউজ সংস্কার	২টি	২টি	১৯.৫৫	২	১৯.৫৫০	১০০	১০০
৭০১৬	তৃণভোজী প্রাণীর জন্য নিরাপত্তা বেড়া ১২জি কাটা তারের জাল এবং আরসিসি পোস্ট	৬০০রা মি:	৬০০রা মি:	১৫.০০	৬০০	১৪.৫২১	১০০	১০০
৭০১৬	সাবমারসেবল পাম্পসহ ডীপ টিউবওয়েল	থোক	থোক	১৫.০০	থোক	১৪.৯৮১	১০০	১০০
৭০১৬	তৃণভোজী প্রাণীর উদ্ধার কেন্দ্র	৬টি	৬টি	৯.০০	৬	৮.৯৯৭	১০০	১০০
৭০১৬	সরীসৃপ প্রাণীর জন্য উদ্ধার কেন্দ্র	১টি	১টি	২৫.০০	১	২৫.০০০	১০০	১০০
৭০১৬	বাঘের জন্য মোটা নাইলন জালের নিরাপত্তা বেড়া						১০০	১০০
৭০১৬	বিলবোর্ড	২০টি	২০টি	৪.০০	২০	৩.৯৯৯	১০০	১০০
৭০১৬	হরিণ প্রজনন কেন্দ্র	১টি	১টি	৫.০০	১	৫.০০০	১০০	১০০

ইকোনোমিক কোড	অনুমোদিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকল্পের শুরু থেকে জুন ২০১৬পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি		আরডিপিপি অনুযায়ী অগ্রগতি (%)	
	অংগের নাম	পরিমাণ	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
৭০১৬	কুমির প্রজনন কেন্দ্র	২টি	২টি	৫০.০০	১	২৪.৯৭৯	৫০০	১০০
৭০১৬	দিক নিদের্শনা সাইন বোর্ড	৬০০টি	৬০০টি	৩.৬০	৬০০	৩.৬০০	১০০	১০০
৭০১৬	জলাধার তৈরী	থোক	থোক	২৬.২৫	থোক	২৬.২৩৩	থোক	১০০
৭০১৬	লেক, পুকুর এবং জলাধারে নৌকা ভিড়ানোর জন্য সিড়ি নির্মাণ	থোক	থোক	৫.০০	থোক	৫.০০০	১০০	১০০
৭০১৬	গাইড ম্যাপ	১৫টি	১৫টি	৩.৭৫	১৫	৩.৭৪৯	১০০	১০০
৭০১৬	ছাতাসহ শেড নির্মাণ	৬০টি	৬০টি	৬০.০০	৪২	৪০.৯৮৩	৭০	৭০
৭০১৬	বিশ্রামাগার, কটেজ, শিশুপার্কের চারপাশের দৃশ্যপট উন্নয়ন (সৌন্দর্য বৃদ্ধি, মাটি ভরাট ইত্যাদি)	থোক	থোক	১৯.০৭	থোক	১৪.৫৩২	থোক	৭৬.২০
৭০৮১	পুকুর/ছড়া খনন	৩৫০০০ঘ: মি:	৩৫০০০ ঘ: মি:	৪৬.১৬	২৯৯৯৬.২	৩৮.৯৮৩	৮৬	৮৬
৭০৮১	পার্কিং এলাকা (হেরিং বোন)	৫৬৭০ব:মি:	৫৬৭০ব: মি:	৮৫.০৫	৫৬৭০	৮৪.৯৫৯	১০০	১০০
৭০৮১	দোলনা (স্টীলের তৈরী)	১৮টি	১৮টি	৩.৬০	১৮	৩.৫৯৯	১০০	১০০
৭০৮১	স্স্নীপার (স্টীলের তৈরী)	১৮টি	১৮টি	৫.৪০	১৮	৫.৩৪৬	১০০	১০০
৭০৮১	খেলনা ঢেঁকি (স্টীলের তৈরী)	১৮টি	১৮টি	২.৭০	১৮	২.৬৯৭	১০০	১০০
৭০৮১	প্রাকৃতিক ডিজাইনের আরসিসি বেঞ্চ	৩৫০টি	৩৫০টি	৩৪.৯৫	৩৫০	৩৪.৯৪৫	১০০	১০০
	উপমোট নির্মাণ ও পূর্ত কাজ			**৩৬০২.৯৭**		**৩৪৩৩.৩৮৭**		৯৫.২৯
	মোট মূলধন			**৪৭৪৫.১৮**		**৪৫৭২.৪৮৩**		৯৬.৩৬
	সর্বমোট মূলধন ও রাজস্ব			**৫৭৬১.৪০**		**৫৫৫৭.৪৮৫**		৯৬.৪৬

উপকূলীয় (রক্ষিত) বন এলাকায় টেকসই উন্নয়ন এবং জীববৈচিত্র সংরক্ষণ (এসডিবিসি-সুন্দরবনস) -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১.০ প্রকল্পের নাম: **উপকূলীয় (রক্ষিত) বন এলাকায় টেকসই উন্নয়ন এবং জীববৈচিত্র সংরক্ষণ (এসডিবিসি-সুন্দরবনস)**

২.০ বাস্তবায়নকারী সংস্থা: বন অধিদপ্তর (লীড এজেন্সী)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ মৎস্য উন্নয়ন করপোরেশন।

৩.০ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ: পরিবেশ ও বন মন্ত্রণালয়।

৪.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্রঃসাঃ)		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত (১ম সংশো:)		মূল	সর্বশেষ সংশোধিত (১ম সংশো:)			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৩৫৩.৫১ (৪০০০.০০)	৪১৭২.১৩ (৩৭৯১.৭৪)	৪১৭২.১৩	০১/০৭/২০১২ হতে ৩০/০৬/২০১৫	০১/০৭/২০১২ হতে ৩০/১২/২০১৫	০১/০৭/২০১২ হতে ৩০/১২/২০১৫	(-) ১৮১.৩৮ (- ৪.১৬) %	৬ মাস (১৬.৬৬) %

৫.০ প্রকল্প সাহায্যের উৎস: জার্মান ফেডারেল মিনিস্ট্রি ফর ইকোনমিক কো-অপারেশন এন্ড ডেভলপমেন্ট।

৬.০ **প্রকল্পের অবস্থান:** খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার সুন্দরবন সংলগ্ন ১৭টি উপজেলা।

৬.০ **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):**পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

৭.০ কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঅনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজ সমাপ্ত হয়েছে।

৮.০ **প্রকল্পের পটভূমি:**

বিশ্বের জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। আগামী ২০-৩০ বছরের মধ্যে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এবং অতিরিক্ত বন্যার কারণে প্রায় ৩০ মিলিয়ন মানুষকে তাদের বসতবাড়ি থেকে স্থায়ীভাবে সরে যেতে হতে পারে। সুন্দরবন সংলগ্ন বেড়ী বাঁধ এবং এর আশপাশের এলাকা বাস্তুতান্ত্রিক সংকটাপন্ন এলাকা নামে পরিচিত যার জীববৈচিত্র্যও মারাত্মক হুমকীর মধ্যে রয়েছে।

বাংলাদেশের দক্ষিণ পশ্চিমে অবস্থিত সুন্দরবন ৬০০০ বর্গ কিঃমিঃ এলাকা জুড়ে অবস্থিত। এটি পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন এবং UNESCO কর্তৃক World Heritage Site হিসেবে ঘোষিত। প্রায় ১০ মিলিয়ন লোক এই সুন্দরবনকে ঘিরে জীবনধারণ করে , যাদের মূল পেশা মাছ ধরা। ম্যানগ্রোভ বন দক্ষিণ -পশ্চিমের নীচু এলাকাকে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের হাত থেকে রক্ষা করে এবং এই বন অনেক উদ্ভিদ ও প্রাণীকূলের বিশেষতঃ ইরাবতি ডলফিন, রয়েল বেঙ্গাল টাইগারের আবাসস্থল। সুন্দরবন সংলগ্ন উত্তরের এলাকায় বিদ্যমান ব্যবসা বাণিজ্যের প্রসার হতে হতে এখন বনের ভেতরেও সম্প্রসারিত হচ্ছে যা বনসম্পদের টেকসই ব্যবহারকে বিঘ্নিত করছে। অধিক জনসংখ্যার ঘনত্ব এবং মাত্রাতিরিক্ত অর্থনৈতিক কার্যাবলীর কারণে সুন্দরবনের জীববৈচিত্র্য এবং প্রতিবেশ মারাত্মক হুমকীর সম্মুখীন। এর কারণসমূহ হচ্ছে অধিক মাত্রায় ধান উৎপাদন এবং এর জন্য বৃহৎ আকারের পানি ব্যবস্থাপনা অবকাঠামো নির্মাণ, রপ্তানির উদ্দেশ্যে অধিক লাভজনক চিংড়ি চাষের ব্যপকতা এবং অবশিষ্ট প্রাকৃতিক বনের অবৈধ ব্যবহার। বাঁধগুলোতে অধিক পরিমানে বসতবাড়ি নির্মাণের কারণে সেগুলো ক্ষতিগ্রস্থ হচ্ছে বা ভেঙ্গে যাচ্ছে। এর পাশাপাশি বিভিন্ন সংস্থার সমন্বয়হীনতা জীববৈচিত্র্য ও বন সম্পদ সংরক্ষণের মূল কার্যক্রমকে ক্ষতিগ্রস্থ করছে। আর এর ক্ষতিকর প্রভাবগুলো যেমন , জীববৈচিত্র্য ধ্বংস, প্রতিবেশগত ভারসাম্য নষ্ট হওয়া , উপকূলীয় এলাকা রক্ষাকারী

ম্যানগ্রোভ বন ধ্বংস , বাঁধের প্রতিরক্ষা ক্ষমতা কমে যাওয়া , প্রকৃতিক সম্পদের বৈচিত্র্যতা কমা ইত্যাদি কারণে এলাকার জনগোষ্ঠীর জীবিকায়ন ঝুঁকির সম্মুখীন। এ প্রেক্ষিতে দেশের দক্ষিণাঞ্চলে জীববৈচিত্র্য সংরক্ষণ ও টেকসই উন্নয়নের জন্য জি আই জেড এর অর্থায়নে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯.০ **প্রকল্পের উদ্দেশ্য:** প্রকল্প এলাকার ঝুঁকিপূর্ণ বেড়িবাধ সংলগ্ন এলাকার জীববৈচিত্র্য সংরক্ষণ এবং বাঁধ ব্যবস্থাপনায় সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বাঁধ সংলগ্ন এলাকার জীববৈচিত্র্য বৃদ্ধিতে সহা য়তা করা যা অন্যান্য বাঁধ সংলগ্ন এলাকায় মডেল হিসাবে কাজ করবে।

১০.০ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

(ক) মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক কারিগরি সহায়তা প্রকল্পটি গত ০৫/০২/২০১৪ খ্রি: তারিখে ৪৩৫৩.৫১ লক্ষ (জিওবি: ৩৫৩.৫১+প্র: সা: ৪০০০.০০) টাকা ব্যয় ও জুলাই, ২০১২ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়;

(খ) প্রকল্পটি বিলম্বে অনুমোদন, আন্তর্জাতিক বাজারে ইউরোর মূল্য বৃদ্ধি ইত্যাদি কারণে প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত বৃদ্ধিপূর্বক ৪১৭২.১৩ লক্ষ (জিওবি: ৩৮০.৩৯২৫ লক্ষ + প্র: সা: ৩৭৯১.৭৪০৫ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ম সংশোধিত প্রকল্পটি অনুমোদিত হয়।

১১.০ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

(১) সুন্দরবন সংলগ্ন তিনটি জেলার (খুলনা, বাগেরহাট ও সাক্ষীরা) ন্যূনতম একটি জেলার উপকূলীয় বিপদাপন্ন বাঁধ এলাকার পুনর্বাসন;
(২) নির্বাচিত বিপদাপন্ন বাঁধ এলাকার বেজলাইন তথ্য সংগ্রহপূর্বক উক্ত এলাকার জনগণের সক্রিয় অংশগ্রহণে জীববৈচিত্র সংরক্ষণের জন্য সহ-ব্যবস্থাপনার উদ্যোগ গ্রহণ;
(৩) স্থানীয় প্রশাসনসহ উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে সহ-ব্যবস্থাপনার কার্যক্রম পরিচালনা;
(৪) ১০০০ জন স্থানীয় জনগণকে প্রয়োজনীয় বিকল্প আয়ের কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সুন্দরবনের উপর নির্ভরশীলতা হ্রাস করা;
(৫) বিভিন্ন ধরণের বনায়ন কার্যক্রম বাস্তবায়ন করা;
(৬) প্রায় ৫.০০ লক্ষ ঘন মিটার মাটি কাটার মাধ্যমে বিপদাপন্ন বাঁধ পুনর্বাসন ও পুকুর খনন; এবং
(৭) প্রশিক্ষণ প্রদান।

১২.০ **পরিদর্শন:** প্রকল্পটি ৩০-৩১ ডিসেম্বর, ২০১৬ খ্রি: তারিখে আইএমইডি 'র পরিচালক পরিমল চন্দ্র বসু কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট ডিএফওসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৩.০ **পর্যবেক্ষণ:**

